# প্রত্যেক কাজের একটি সময়



আশিস রাইচুর

**শুধুমাত্র বিনামূল্যে বিতরণের জন্য**

অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ, বেঙ্গালুরু, ভারতবর্ষ দ্বারা মুদ্রিত ও বণ্টিত।
বর্তমান সংস্করণ: 2023

**যোগাযোগ করার জন্য ঠিকানা**

All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

ফোন নম্বর: +91-80-25452617
ই-মেইল: **bookrequest@apcwo.org**
ওয়েবসাইট: **apcwo.org**

অন্যথায় নির্দেশিত না হলে, সমস্ত শাস্ত্রের উদ্ধৃতি বাংলা পুরাতন সংস্করণ, (BSI) বাইবেল থেকে নেওয়া হয়েছে। বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া দ্বারা কপিরাইট © 2016। অনুমতি দ্বারা ব্যবহৃত। সমস্ত অধিকার সংরক্ষিত।

**অর্থনৈতিক অংশীদারিত্ব**

অল পিপলস চার্চের সদস্য, অংশীদার এবং বন্ধুদের আর্থিক সহায়তার মাধ্যমে এই প্রকাশনার বিনামূল্যে বিতরণ সম্ভব হয়েছে। আপনি যদি এই বিনামূল্যের প্রকাশনার মাধ্যমে সমৃদ্ধ হয়ে থাকেন, তাহলে আমরা আপনাকে অল পিপলস চার্চ থেকে বিনামূল্যে প্রকাশনা মুদ্রণ এবং বিতরণে সহায়তা করার জন্য আর্থিকভাবে অবদান রাখার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। আপনি যদি জানতে চান যে কীভাবে আপনি এই অবদান করতে পারেন, তাহলে অনুগ্রহ করে **apcwo.org/give** ওয়েবসাইটে যান অথবা এই পুস্তকের পিছনে "অল পিপলস চার্চ-এর সাথে অংশীদারিত্ব করুন" পৃষ্ঠাটি দেখুন। ধন্যবাদ!

**বিনামূল্যের সম্পদ এবং সম্পর্কিত ওয়েবসাইটগুলি**

**প্রচার:** apcwo.org/sermons | **পুস্তক:** apcwo.org/books | **চার্চ অ্যাপ:** apcwo.org/app
**বাইবেল কলেজ:** apcbiblecollege.org | **ই-লার্নিং:** apcbiblecollege.org/elearn
**পরামর্শ দান:** chrysalislife.org | **সঙ্গীত:** apcmusic.org
**পরিচর্যাকারীদের সহভাগীতা:** pamfi.org | **APC ওয়ার্ল্ড মিশনস্:** apcworldmissions.org

(Bengali - A Time For Every Purpose)

# প্রত্যেক কাজের একটি সময়

# সূচীপত্র


1. ঈশ্বরের দৃষ্টিতে সময় 1
2. সময়কে চিহ্নিত করা ও ক্রয় করা 7
3. সময় ও কালকে বোঝা 14
4. বিচক্ষণতার সাথে আমাদের জীবন পরিচালনা করা 24
5. সময়ের পুনরুদ্ধার 30

# ১
# ঈশ্বরের দৃষ্টিতে সময়

**উপদেশক 3:1-8**

**[1] সকল বিষয়েরই সময় আছে, ও আকাশের নীচে সমস্ত ব্যাপারের কাল আছে। জন্মের কাল ও মরণের কাল;**
**[2] রোপণের কাল ও রোপিত বীজ উৎপাটনের কাল;**
**[3] বধ করিবার কাল ও সুস্থ করিবার কাল;**
**[4] ভাঙ্গিবার কাল ও গাঁথিবার কাল; রোদন করিবার কাল ও হাস্য করিবার কাল;**
**বিলাপ করিবার কাল ও নৃত্য করিবার কাল;**
**[5] প্রস্তর নিক্ষেপ করিবার কাল ও প্রস্তর সংগ্রহ করিবার কাল;**
**আলিঙ্গনের কাল ও আলিঙ্গন না করিবার কাল; অন্বেষণের কাল ও হারাইবার কাল;**
**[6] রক্ষণের কাল ও ফেলিয়া দিবার কাল;**
**[7] ছিঁড়িবার কাল ও সিঙ্গাইবার কাল;**
**নীরব থাকিবার কাল ও কথা কহিবার কাল;**
**[8] প্রেম করিবার কাল ও দ্বেষ করিবার কাল;**
**যুদ্ধের কাল ও সন্ধির কাল।**

**উপদেশক 3:11**

**তিনি সকলই যথাকালে মনোহর করিয়াছেন, আবার তাহাদের হৃদয়মধ্যে চিরকাল রাখিয়াছেন; তথাপি ঈশ্বর আদি অবধি শেষ পর্য্যন্ত যে সকল কার্য্য করেন, মনুষ্য তাহার তত্ত্ব বাহির করিতে পারে না।**

**দানিয়েল 2:21**

**তিনিই কাল ও ঋতু পরিবর্তন করেন; রাজাদিগকে পদভ্রষ্ট করেন, ও রাজাদিগকে পদস্থ করেন; তিনি জ্ঞানীদিগকে জ্ঞান দেন, বিবেচকদিগকে বিবেচনা দেন।**

"এখন কটা বাজে?" একটি প্রায়ই ব্যবহৃত প্রশ্ন যার সাথে আমরা অত্যন্ত সুপরিচিত। বর্তমানের ইঁদুর-দৌড় জগতে, ঘড়ির কাঁটার সাথে মানুষ দৌড়তে থাকে। প্রকৃতপক্ষে, আমাদের মধ্যে অধিকাংশ মানুষেরা সময়কে ঘিরে তাদের জীবনকে সাজিয়ে তোলে। ঘড়ি—সময়—

এই সব যেন আমাদের জীবনের উপর প্রবল ভাবে কর্তৃত্ব করে। সঠিক সময়ে সঠিক কাজ করা, সঠিক সময়ে সঠিক স্থানে উপস্থিত থাকা, সঠিক সময়ে সঠিক কথা বলা—এই সবকিছু আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। একইসাথে, সময় "সাশ্রয়" করার উপায় ও মাধ্যম খুঁজে বের করার জন্যও অনেক প্রচেষ্টা আমরা করে থাকি।

আপনি কখনও কি থেমে বিবেচনা করেছেন যে ঈশ্বরের কাছেও একটি ঘড়ি রয়েছে যা এই জগতের সৃষ্টির শুরু থেকে অথবা, অনন্তকালীন অতীত থেকে চলছে—এক অজানা সময় থেকে বর্তমান কাল পর্যন্ত? আপনি কি জানেন যে আমাদের প্রত্যেকের জীবনের জন্য ঈশ্বরের কাছে একটি করে ঘড়ি রয়েছে? আপনি কি কখনও আপনার জীবনকে শুধুমাত্র হাতঘড়ি অথবা দেওয়াল ঘড়ি অনুযায়ী সাজিয়ে তোলার প্রচেষ্টা না করে ঈশ্বরের ঘড়ি অনুযায়ী সাজিয়ে তোলার চেষ্টা করেছেন? ঈশ্বরের সময় অনুযায়ী কাজ করা এবং আপনার জীবনের যে কোনো পর্যায়ে তাঁর ইচ্ছা অনুযায়ী কাজ করা আপনার কাছে কতটা গুরুত্বপূর্ণ? আর, আপনার জীবনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে তিনি আপনাকে যা হতে দেখতে চান, সেটা হওয়া আপনার কাছে কতটা গুরুত্বপূর্ণ?

এইগুলি কঠিন প্রশ্ন, এবং বাস্তবে এটা গুরুত্বপূর্ণ যে আমরা যেন ঈশ্বরের সময় অনুযায়ী আমাদের জীবনকে সাজিয়ে তুলতে জানি ও সাজিয়ে তুলি। এই পুস্তকটি আপনাকে ব্যক্তিগত ভাবে আপনার জীবনের জন্য ঈশ্বরের সময়টিকে সূক্ষ্ম ভাবে বিবেচনা করতে ও উপলব্ধি করতে সাহায্য করবে।

## ঈশ্বরের ঘড়ি

**প্রেরিত 1:6,7**

**6 অতএব তাঁহারা একত্র হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, প্রভু, আপনি কি এই সময়ে ইস্রায়েলের হাতে রাজ্য ফিরাইয়া আনিবেন?**
**7 তিনি তাঁহাদিগকে বলিলেন, যে সকল সময় (গ্রীক *ক্রনস*) কি কাল (গ্রীক *কাইরস*) পিতা নিজ কর্তৃত্বের অধীন রাখিয়াছেন, তাহা তোমাদের জানিবার বিষয় নয়।**

ঈশ্বরের কাছে একটি সময়সূচী রয়েছে, একটি নির্দিষ্ট শৃঙ্খলা ও সময় রয়েছে যার মধ্যে তিনি তাঁর পরিকল্পিত বিষয়গুলিকে প্রকাশ করেন। তিনি তাঁর সময় অনুযায়ী কাজ করেন। তিনি তাঁর সময় মত কথা বলেন

ও তাঁর বাক্যকে পূর্ণ করেন। ঈশ্বর যে কথাগুলি বলেন, তা *"যথাসময়ে সফল হইবে"* (লূক 1:20)। এমনও বিষয় রয়েছে যা ঈশ্বর বলেছেন এবং সেইগুলি *"শেষকাল পর্য্যন্ত এই বাক্য সকল রুদ্ধ ও মুদ্রাঙ্কিত থাকিবে"* (দানিয়েল 12:9)। ঈশ্বরের "ঘড়িতে," "সময়ের পূর্ণতা" রয়েছে, বা যেটাকে বলতে পারি "পূর্ণ হওয়ার সময়"। এটা সবচেয়ে উপযুক্ত, সঠিক সময়—এমন সময় যা পক্ব—সঠিক সময়। উদাহরণস্বরূপ, যদিও আদমের সাথে ঈশ্বরের চুক্তিতে, আগত উদ্ধারকর্তার প্রতিশ্রুতি আদিপুস্তকের তৃতীয় অধ্যায়ে দেওয়া হয়েছে, কিন্তু সেটা কয়েক হাজার বছর পর পূর্ণ হয়েছিল যখন যীশু ইতিহাসের পৃষ্ঠায় আসলেন। কেন এত দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়েছিল? বাইবেল বলে, *"কিন্তু কাল সম্পূর্ণ হইলে ঈশ্বর আপনার নিকট হইতে আপন পুত্রকে প্রেরণ করিলেন"* (গালাতীয় 4:4)। *'কাইরস'* মুহূর্তে—সবচেয়ে উপযুক্ত সময়ে, ইতিহাসের সবচেয়ে সঠিক সময়ে—প্রভু যীশু এই পৃথিবীতে এলেন। ঈশ্বরের অনন্তকালীন উদ্দেশ্যও ঠিক এই ভাবে পূর্ণ হবে। *"ফলতঃ তিনি আমাদিগকে আপন ইচ্ছার নিগূঢ়তত্ত্ব জ্ঞাত করিয়াছেন, তাঁহার সেই হিতসঙ্কল্প অনুসারে যাহা তিনি কালের পূর্ণতার বিধান লক্ষ্য করিয়া তাঁহাতে পূর্ব্বে সঙ্কল্প করিয়াছিলেন। তাহা এই, স্বর্গস্থ ও পৃথিবীস্থ সমস্তই খ্রীষ্টেই সংগ্রহ করা যাইবে"* (ইফিষীয় 1:9,10)। ঈশ্বর *"একটী দিন স্থির করিয়াছেন, যে দিনে আপনার নিরূপিত ব্যক্তি দ্বারা ন্যায়ে জগৎ-সংসারের বিচার করিবেন"* (প্রেরিত 17:31)।

সুতরাং, আমরা লক্ষ্য করতে পারি যে ঈশ্বরের কাছে একটি সময়কাল রয়েছে যার মধ্যে তিনি ঘটনাগুলির মধ্যে হস্তক্ষেপ করেন সেই সকল বিষয়গুলিকে অর্জন করার জন্য যা তিনি তাঁর সার্বভৌমতায় পূর্বেই নিরূপিত করে রেখেছিলেন। এই পৃথিবী ছেড়ে চলে যাওয়ার (স্বর্গারোহণের) কিছুক্ষণ আগে, শিষ্যেরা যীশুকে জিজ্ঞাসা করেছিলেন যে কোন সময়ে ইস্রায়েল জাতি রোমীয় শাসন থেকে মুক্তি পাবে ও তার নিজ ক্ষমতায় ফিরবে (প্রেরিত 1:6,7)। প্রভু যীশুর উত্তর আমাদের শিক্ষা দেয় যে পিতার কর্তৃত্বের অধীনে রয়েছে সময় ও কাল। যীশু *'ক্রনস'* এবং *'কাইরস'*। গ্রীক শব্দ, *'ক্রনস'* একটি সময়কালকে বোঝায়, সময়ের একটি পরিসর বা পরিমাপকে বোঝায় এবং *'কাইরস'* সময়ের মান অথবা ধরণকে বোঝায়। *'ক্রনস'* ব্যবহার করা হয় সময়কে—সময়ের একটি কালকে পরিমাপ করার জন্য। *'কাইরস'* ব্যবহৃত হয় বিশেষ ঘটনার,

উপযুক্ত সময়, গুরুত্বপূর্ণ ঘটনা, ও সময়ের পরিবর্তনের ক্ষেত্রে। এটি "সময়ের পূর্ণতাকে" উল্লেখ করে—অর্থাৎ বর্তমান সময়টি কোন ঘটনার জন্য সবচেয়ে উপযুক্ত।

কিছু নির্দিষ্ট সময় ও কাল রয়েছে যা ঈশ্বর পিতা গোপন রাখার জন্য ও "তাঁর কর্তৃত্বাধীন" রাখার জন্য নির্ধারিত করেছেন। বাইবেল আমাদের শেখায় যে *"নিগূঢ় বিষয় সকল আমাদের ঈশ্বর সদাপ্রভুর অধিকার; কিন্তু প্রকাশিত বিষয় সকল আমাদের ও যুগে যুগে আমাদের সন্তানদের অধিকার"* (দ্বিতীয় বিবরণ 29:29)। দ্বিতীয় আগমন ও শেষ সময় সম্পর্কে যীশু বলেছেন, *"কিন্তু সেই দিনের বা সেই দণ্ডের তত্ত্ব কেহই জানে না; স্বর্গস্থ দূতগণও জানেন না, পুত্রও জানেন না, কেবল পিতা জানেন। সাবধান, তোমরা জাগিয়া থাকিও ও প্রার্থনা করিও; কেননা সে সময় কবে হইবে, তাহা জান না"* (মার্ক 13:32,33)। কিন্তু এর অর্থ এই নয় যে আমরা *'ক্রনস'* ও *'কাইরস'* সম্বন্ধে জানতে পারবো না যা ঈশ্বর প্রকাশ করতে ইচ্ছুক। সমস্ত শাস্ত্র জুড়ে, আমরা লক্ষ্য করতে পারি যে ঈশ্বর চান তাঁর লোকেরা যেন, ব্যক্তিগত ও সামাজিক উভয় রূপে, তাদের জীবনযাপনের সময় ও কাল সম্পর্কে জানতে পারে। ঈশ্বর আশা করেন তাঁর লোকেরা জানুক যে তাঁর ঘড়িতে এখন কটা বাজে।

## বাইবেলে "সময়"

সময়ের উপর বাইবেল ভিত্তিক একটি টীকাতে (মারসার ডিকশনারি অফ দ্যা বাইবেল, 1990), সাইমন জে. ডেভ্রিস লিখেছেন, "সময় সম্পর্কে ইব্রীয়দের ধারণার মধ্যে যে বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ, তা হল তারা আশা করতো যে প্রত্যেকটি দিন অন্যান্য দিনের চেয়ে গুনমান ভাবে আলাদা হবে, সম্ভবত একটি অনন্য, অপূরণীয় ঘটনা ঘটবে যেখানে ঈশ্বর নিজের ঐশ্বরিক সত্ত্বাকে একটি বিশেষ ও নির্দিষ্ট ভাবে প্রকাশ করবেন। সুতরাং, বাইবেল দিনগুলিকে তাদের উল্লেখযোগ্য ঘটনাগুলির উল্লেখ করার মধ্যে দিয়ে চিহ্নিত করার একটি বৈশিষ্ট্য তৈরি করেছে"। তিনি আরও বলেছেন যে বাইবেলের লোকেরা "বিশ্বাস করতো যে তাদের ঈশ্বর তাদের সাথে যে কোনো স্থানে ও যে কোনো সময়ে সাক্ষাৎ করতে পারতেন; কারণ সমস্ত স্থান ও সময় ঈশ্বরের কর্তৃত্বাধীন রয়েছে। সুতরাং, বাইবেলের মধ্যে উদ্দেশ্য ও ধারাবাহিকতা, লক্ষ্য, প্রক্রিয়া, অদৃষ্টের এক চেতনা রয়েছে।

বাইবেলে সময় হল একটি গুরুত্বপূর্ণ উপাদান যেখানে বিভিন্ন ধরনের সময়ের উল্লেখ করা হয়েছে—বিভিন্ন *'কাইরস'* মুহূর্তের। গীতসংহিতা এমন এক সময়ের কথা বলে যখন ঈশ্বরকে খুঁজে পাওয়া যায় (গীত 32:6), মন্দ সময় (গীত 37:18,19), সমস্যার সময় (গীত 41:1) এবং একটি গ্রহণযোগ্য সময় (গীত 69:13; 2 করিন্থীয় 6:2)। নতুন নিয়ম থেকে, আমরা শিখতে পারি যে ঈশ্বর স্বয়ং জাতিগণের উত্থান ও পতনের সময় নির্ধারণ করেন এবং তার সাথে-সাথে তাদের সীমারেখা স্থির করেন (প্রেরিত 17:26,27)। যে সময়কালে আমরা বসবাস করি সেটাকে *"উত্তরকাল"* (1 তীমথিয় 4:1) এবং *"শেষ কাল"* বলা হয়েছে (2 তীমথিয় 3:1)। *"কাল এবং সময়"* (1 থিষলনীকীয় 5:1), *"কালের পরিণাম"* (1 পিতর 1:20), *"পূর্বকাল"* (ইব্রীয় 1:1) এবং *"সময়ের উপযোগী"* (ইব্রীয় 4:16) —এর মত বাক্যাংশ খুঁজে পাওয়া যায়। সুতরাং, সময় সম্পর্কে বাইবেল ভিত্তিক দৃষ্টিভঙ্গির বোধগম্যতা সফল খ্রীষ্টিয় জীবনযাত্রার একটি পূর্ণ অংশ।

## *'কাইরস'* কে বোঝা

*'কাইরস'* হল একটি নিরূপিত সময়, উপযুক্ত সময়, অথবা সঠিক সময়। সাধারণ ভাবে, *'কাইরস'* ক্যালেন্ডারের বছরগুলির সংখ্যার সাথে যুক্ত নয়। ঈশ্বর যদি নির্দিষ্ট ভাবে একটি সময়কাল স্থির না করতেন, তাহলে *'কাইরস'* মুহূর্তটি কিছু নির্দিষ্ট শর্তগুলির এক হওয়ার উপর নির্ভরশীল থাকতো—যেমন পরিস্থিতি, পরিবেশ, স্থান, পাত্র, ইত্যাদি—যা এটাকে ঈশ্বরের কথিত বাক্যগুলিকে পূর্ণ করার উপযুক্ত সময় করে তোলে।

উদাহরণস্বরূপ, ব্যক্তিগত ভবিষ্যদ্বাণী *'কাইরস'* মুহূর্তগুলিতে পূর্ণ হয়। যদি কোন ব্যক্তি ভবিষ্যদ্বাণী লাভ করে থাকে যে সে তার ব্যবসায়ে সফল হবে, এর অর্থ এই নয় যে রাতারাতি তার ব্যবসায়ে সাফল্য আসবে। এই ভবিষ্যদ্বাণীর পূর্ণতা তখনই ঘটবে যখন কিছু নির্দিষ্ট শর্ত যা ঈশ্বর দেখতে চাইছেন সেই ব্যক্তিটির জীবনে একসঙ্গে দেখতে পাওয়া যাবে। যে ব্যক্তি ভবিষ্যদ্বাণী লাভ করেছে, সে যদি একজন যুবক ব্যক্তি হন, তাহলে সম্ভবত ঈশ্বর আশা করবেন যে এই ব্যক্তি কিছু নির্দিষ্ট প্রশিক্ষণের মধ্যে দিয়ে যাক ও কিছুকাল পরিশ্রম করুক নিজের ব্যবসা শুরু করার আগে। এই যুবকটি তার ব্যবসা শুরু করার পর, কোন বড় ধারণা খুঁজে পাওয়ার

আগে তার হয়তো আরও অনেক বছর লাগতে পারে যা তাকে অবশেষে সফল করে তুলবে। যদিও ভবিষ্যদ্বাণী এতদিন ধরে সত্যই ছিল, তবুও এটি তখনই পূর্ণ হতে পারে যখন এই সমস্ত শর্তগুলি দেখতে পাওয়া যাবে ও *‘কাইরস’* মুহূর্তটি আসবে।

# 2

# সময়কে চিহ্নিত করা ও ক্রয় করা

**ইফিষীয় 5:15-17**

**15 অতএব তোমরা ভাল করিয়া দেখ, কিরূপে চলিতেছ; অজ্ঞানের ন্যায় না চলিয়া জ্ঞানবানের ন্যায় চল।**
**16 সুযোগ কিনিয়া লও, কেননা এই কাল মন্দ।**
**17 এই কারণ নির্ব্বোধ হইও না, কিন্তু প্রভুর ইচ্ছা কি তাহা বুঝ।**

**কলসীয় 4:5**

**তোমরা বাহিরের লোকদের প্রতি বুদ্ধিপূর্ব্বক আচরণ কর, সুযোগ কিনিয়া লও।**

শাস্ত্র আমাদের নির্দেশ দেয় সময় *(কাইরস)* ক্রয় করার জন্য। *"সুযোগ কিনিয়া লও"* কথাটি আমাদের জীবনে সবচেয়ে উপযুক্ত মুহূর্তটিকে চিহ্নিত করা ও আয়ত্ত করাকে বোঝায়। উপরে উল্লেখিত শাস্ত্রাংশের প্রেক্ষাপট অনুযায়ী, এটা শুধুমাত্র তখনই সম্ভব হয়ে ওঠে যখন আমরা প্রভুর ইচ্ছাকে উপলব্ধি করি ও সেই অনুযায়ী সাবধানে চলাফেরা করি। আরেক কথায়, আমাদের জীবনে সবচেয়ে উপযুক্ত মুহূর্তটিকে ধরতে পারার ক্ষমতা—সঠিক সময়ে সঠিক কাজটি করতে পারা—নির্ভর করে যে আমরা আমাদের ব্যক্তিগত জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছাকে কত ভালো ভাবে বুঝতে পারি। ঈশ্বর আমাদের ব্যক্তিগত জীবনের জন্য *'ক্রনস'* এবং *'কাইরস'* নির্ধারণ করে থাকেন। আমাদের প্রত্যেকের জীবনে একটি *'ক্রনস,'* বা জীবনযাপন করার একটি সময়কাল রয়েছে। ঈশ্বর তাঁর লোকেদেরকে এই প্রতিজ্ঞা করেছেন, *"আমি তোমার আয়ুর পরিমাণ পূর্ণ করিব"* (যাত্রাপুস্তক 23:26)। ঈশ্বরের সাধারণ ইচ্ছা আমাদের কাছে প্রকাশ করে যে *"আমাদের আয়ুর পরিমাণ সত্তর বৎসর; বলযুক্ত হইলে আশী বৎসর হইতে পারে"* (গীত 90:10)। ঈশ্বর আমাদেরকে *"দীর্ঘ আয়ু দিয়া"* তৃপ্ত করার প্রতিজ্ঞা করেছেন (গীত 91:16)। সাধারণত, ঈশ্বরের একজন সন্তানের এই ভাবে যাওয়ার এক সুযোগ রয়েছে, *"যেমন যথাসময়ে শস্যের আটি তুলিয়া লওয়া যায়, তদ্রূপ*

*তুমি সম্পূর্ণায়ু হইয়া কবর প্রাপ্ত হইবে।"* (ইয়োব 5:26)। আরও নির্দিষ্টভাবে বললে, আমাদের ব্যক্তিগত জীবনের জন্য ঈশ্বরের কাছে সময় ও কাল রয়েছে।

এই নির্দিষ্ট সময় ও কালগুলি, আমাদের জীবনের *'কাইরস'* মুহূর্তগুলি, আমাদেরকে চিহ্নিত করতে হবে ও ক্রয় করতে হবে। আমাদেরকে সুযোগটি ধরতে হবে।

আপনার জীবনে এই মুহূর্তে সেই *'কাইরস'* কী? আপনি আপনার জীবনের কোন কালে রয়েছেন? এটা কি কাজ করার সময়, নাকি প্রস্তুতি নেওয়ার সময়? এটা কি শেখার সময় নাকি শিক্ষা দেওয়ার সময়? এটা কি আপনার কাছে খ্রীষ্টিয় জীবনের কোন নির্দিষ্ট দিক সম্বন্ধে শিক্ষা লাভ করার সময়? এটা কি কোন নির্দিষ্ট সম্পর্ক গড়ার সময়? এটা কি আপনার কাছে আগামী দিনের জন্য বিশ্রাম ও পরিকল্পনা করার সময়? এটা কি আপনার কাছে কিছুক্ষণ থামা ও বর্তমানের দ্রুত আত্মিক বৃদ্ধির ঘটনাগুলিকে একত্র করে বিবেচনা করার সময়? এটা কি আপনার কাছে কোন একটি নির্দিষ্ট বিষয় নিয়ে গবেষণা করা ও অধ্যয়ন করার সময়? এটা কি আপনার জন্য সেবা করা নাকি নেতৃত্ব দেওয়ার সময়? যখন আমরা জীবনের নির্দিষ্ট কালগুলিকে চিহ্নিত করতে পারি, তখন আমরা এই নির্দিষ্ট উদ্দেশ্যটিকে পূর্ণ করার জন্য আমাদের সময়কে ক্রয় করতে পারবো।

যখন প্রভু যীশু কোন একটা উদ্দেশ্যে যিরূশালেম নগরের দিকে যাচ্ছিলেন, তিনি সেই শহরটির দিকে তাকিয়ে কেঁদেছিলেন। যিরূশালেমের উপর আগত ধ্বংসের ভবিষ্যদ্বাণী করে, তিনি এই কথাটি ঘোষণা করলেন, *"কারণ তোমার তত্ত্বাবধানের সময় তুমি বুঝ নাই"* (লূক 19:41-44)। ঈশ্বরের কাছে যিরূশালেম নগরের *"তত্ত্বাবধান করার"* একটি নির্দিষ্ট সময় ছিল কিন্তু শহরের লোকেরা সেই বিষয়ে অবগত ছিল না। আমি বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের ব্যক্তিগত জীবনের ক্ষেত্রে বিশেষ তত্ত্বাবধান করার সময় নির্ধারিত করে রেখেছেন। আমাদের জীবনে এই কালগুলির সময়ে, ঈশ্বর আমাদের হৃদয়ে বিশেষ কাজ করেন, হয়তো আমাদের জীবনের জন্য তাঁর কাছে পরিকল্পনা ও উদ্দেশ্য রয়েছে, সেইগুলিকে উন্মোচন করেন, অথবা আমাদেরকে নির্দিষ্ট নির্দেশ দেন, অথবা কোন নির্দিষ্ট অনুগ্রহদান আমাদের মধ্যে প্রদান ও প্রকাশ করে থাকেন। কিন্তু, ঈশ্বরের এই তত্ত্বাবধানের সময়ে ফলাফলের বেশীরভাগটাই বৃহত্তররূপে আমাদের

প্রতিক্রিয়ার উপর নির্ভর করে। আমরা যদি সেই তত্ত্বাবধানের সময়টিকে চিহ্নিত করা অবজ্ঞা করি, তাহলে ঈশ্বর আমাদের উপেক্ষা করবেন। আপনি কি ঈশ্বরের প্রতি মনোযোগ দিচ্ছেন ও বর্তমানে আপনার জীবনে তিনি যা প্রকাশ করছেন, সেইগুলির প্রতি কি সংবেদনশীল রয়েছেন? তিনি যা কাজ করছেন, সেইগুলির প্রতি কীভাবে আপনি প্রতিক্রিয়া দেখাচ্ছেন?

## সময়ের সাথে চলা

**উপদেশক 3:17খ**

**... কেননা সেখানে সমস্ত ব্যাপারের নিমিত্ত এবং সমস্ত কর্ম্মের নিমিত্ত বিশেষ কাল আছে।**

**উপদেশক 8:6ক**

**বস্তুতঃ সমস্ত ব্যাপারের জন্য সময় ও বিচার আছে ...**

আমাদেরকে বুঝতে হবে যে প্রত্যেক উদ্দেশ্যের একটি সঠিক সময় রয়েছে। কোন পরিস্থিতি সম্পর্কে ঈশ্বর কী চান আমরা করি, সেটা জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু ততটাই গুরুত্বপূর্ণ সঠিক সময়ে কাজটি সম্পন্ন করা। প্রায়ই, আমরা প্রভুর থেকে কোন ধারণা, পরিকল্পনা, কৌশল, অথবা দর্শন লাভ করে থাকি, এবং আমরা সেটা সঙ্গে সঙ্গে পূর্ণ হতে দেখতে চাই, অথবা আমরা সঠিক ভাবে করতে চাই। আমি কঠিন ভাবে শিখেছি, যে শুধুমাত্র ঈশ্বরের কাছে একটা পরিকল্পনাই থাকে না, কিন্তু সেই পরিকল্পনাটি উন্মোচন করা ও পূর্ণ করার একটি নির্দিষ্ট সময়ও থাকে। শুধুমাত্র তাঁর পরিকল্পনা ও উদ্দেশ্য জানাই আমাদের দায়িত্ব নয়, বরং সেই পরিকল্পনা ও উদ্দেশ্য পূর্ণ করার সময়টিকে উপলব্ধি করাটাও আমাদের দায়িত্ব। ঈশ্বরের সাথে ও সময়ের সাথে আমাদের চলতে হবে—তাঁর আগেও নয়, তাঁর পিছনেও নয়।

রাজা দায়ূদের জীবন থেকে দুটি ঘটনা আমরা এখানে যা কিছু আলোচনা করছি, তার উদাহরণ প্রদান করে। ঈশ্বর দায়ূদকে ইস্রায়েলের রাজা হওয়ার জন্য পূর্বেই নির্ধারিত করেছিলেন। দায়ূদ যখন একজন বালক ছিলেন, তখনই তিনি ভাববাদী শমূয়েলের দ্বারা অভিষিক্ত হয়েছিলেন—তৈল দ্বারা অভিষেক করা এই সত্যটিকে প্রতিনিধিত্ব করে যে ঈশ্বর দায়ূদকে রাজা করার জন্য বেছে নিয়েছেন। গোলিয়াতের উপর বিজয় লাভ করা ও একজন জাতীয় নায়ক হওয়ার পর, তাকে তার নিজের প্রাণ বাঁচানোর জন্য

রাজা শৌলের থেকে পালিয়ে থাকতে হয়েছে। এক বন্য পশু শিকারের মত দায়ূদকে খুঁজে বেরানো হয়েছে; তিনি একজন যাযাবরের মত গুহায়-গুহায় বাস করে দিন কাটাতেন। অনেক বছর কেটে গিয়েছিল কিন্তু এই সমস্ত সময়কাল ধরে রাজা দায়ূদ তার ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলেন। অবশেষে, একটি যুদ্ধে রাজা শৌল প্রাণ হারান। যখন দায়ূদ এই সংবাদটি পেলেন, তিনি শৌলের ও তার পরিবারের জন্য দুঃখপ্রকাশ করতে লাগলেন। এর পর, *"তৎপরে দায়ূদ সদাপ্রভুর কাছে জিজ্ঞাসা করিলেন, আমি কি যিহূদার কোন এক নগরে উঠিয়া যাইব? সদাপ্রভু কহিলেন, যাও। পরে দায়ূদ জিজ্ঞাসা করিলেন, কোথায় যাইব? তিনি কহিলেন, হিব্রোণে। অতএব দায়ূদ ... সেই স্থানে গমন করিলেন ... পরে যিহূদার লোকেরা আসিয়া সেই স্থানে দায়ূদকে যিহূদার কুলের উপরে রাজপদে অভিষেক করিল"* (2 শমূয়েল 2:1-4)।

সঠিক সময়ে সঠিক পদক্ষেপ নেওয়া দায়ূদকে যিহূদার রাজা হিসেবে চিহ্নিত হতে সাহায্য করেছিল। খুব শীঘ্রই তাকে সমস্ত ইস্রায়েলের রাজা হিসেবে চিহ্নিত করা হয়েছিল। আমরা দেখি যে দায়ূদ এমন একজন মানুষ ছিলেন যিনি ঈশ্বরের সময়ের সাথে চলতে চেয়েছিলেন। যদিও তিনি রাজা হওয়ার জন্য পূর্বেই নির্ধারিত ছিলেন, তবুও সেই স্থানে পৌঁছানোর জন্য তিনি তাড়াহুড়ো করেননি। তিনি ঈশ্বরের সময় অনুযায়ী ঈশ্বরকে তাঁর পরিকল্পনাগুলি উন্মোচন করতে দিয়েছিলেন। এছাড়াও দায়ূদ ঈশ্বরের সাথে এক-একটা ধাপ নিতে শিখেছিলেন। লক্ষ্য করবেন যে হিব্রোণে যাওয়ার জন্য তিনি কতটা সতর্ক ছিলেন। আর যখন তিনি সঠিক সময়ে সঠিক পদক্ষেপ নিয়েছিলেন, তখন তার পক্ষে সবকিছু ঘটতে শুরু করেছিল। সঠিক সময়ে সঠিক পদক্ষেপ নেওয়া আপনার জীবনে ঈশ্বরের পরিকল্পনা ও উদ্দেশ্যগুলিকে পূর্ণ হতে দেখতে সাহায্য করবে।

দায়ূদের জীবনে দ্বিতীয় ঘটনাটি বরং দুর্ভাগ্যজনক কারণ এটি দেখায় যে কীভাবে দায়ূদ ঈশ্বরের সময় অনুযায়ী চলতে ব্যর্থ হন এবং সেই ব্যর্থতার কারণে ভয়ানক পরিণতি তার উপর এসে পড়ে।

**2 শমূয়েল 11:1,2**

**[1] পরে বৎসর ফিরিয়া আসিলে রাজবর্গের যুদ্ধে গমন সময়ে দায়ূদ যোয়াবকে, তাঁহার সহিত আপন দাসদিগকে ও সমস্ত ইস্রায়েলকে পাঠাইলেন; তাহারা গিয়া অম্মোন-সন্তানদিগকে সংহার করিয়া রব্বা নগর অবরোধ করিল; কিন্তু দায়ূদ যিরূশালেমে থাকিলেন।**

**[2] একদা বৈকালে দায়ূদ শয্যা হইতে উঠিয়া রাজবাটীর ছাদে বেড়াইতেছিলেন, আর ছাদ হইতে দেখিতে পাইলেন যে, একটী স্ত্রীলোক স্নান করিতেছে; স্ত্রী লোকটী দেখিতে বড়ই সুন্দরী ছিল।**

এটি বছরের এমন একটি সময় ছিল যখন রাজারা তাদের সৈন্যদলের সাথে যুদ্ধে যেতেন। যাইহোক, দায়ূদ তার লোকেদের যুদ্ধে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিলেন কিন্তু তিনি নিজে রাজপ্রাসাদে রয়ে গেলেন। তিনি ভুল সময়ে এক ভুল স্থানে ছিলেন। তিনি সুন্দরি বৎশেবাকে দেখলেন এবং অবশেষে তার সাথে ব্যাভিচারে লিপ্ত হলেন। তার এই কাজ তাকে অনেক কষ্ট ও দুঃখ দিয়েছিল। এই ব্যর্থতার কারণ জানতে গেলে আমাদের এই বাস্তব সত্যটির দিকে দৃষ্টিপাত করতে হবে যে দায়ূদ তার লোকেদের সাথে যুদ্ধে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন, যখন তার সেখানে যাওয়া উচিৎ ছিল। তিনি এমন এক সিদ্ধান্ত নিলেন যা তাকে ভুল সময়ে এক ভুল স্থানে রেখেছিল।

চারটি সুসমাচার অনুযায়ী আমাদের প্রভু যীশু যেভাবে তাঁর জীবনকে শৃঙ্খলাবদ্ধ করেছিলেন, সেটার দিকে তাকিয়ে আমরা লক্ষ্য করতে পারি যে তিনি তাঁর জীবনের জন্য পিতার সময়কাল সম্বন্ধে সম্পূর্ণ ভাবে অবগত ছিলেন। প্রধান কারণ যে কেন যীশু 30 বছর অপেক্ষা করেছিলেন তাঁর পরিচর্যা শুরু করার আগে, তা হল তিনি জানতেন যে তাঁর সময় এখনও আসেনি—পরিচর্যায় পদক্ষেপ নেওয়ার সময় যা পিতা তাঁর জন্য নির্ধারিত করে রেখেছিলেন (যোহন 2:4)। যিশাইয় 61 অধ্যায় থেকে শক্তিশালী শাস্ত্রাংশটি পড়ে যীশু তাঁর পরিচর্যা শুরু করেছিলেন। সেই ভবিষ্যদ্বাণীমূলক অংশটি পড়ার পর, যীশু তাঁর শ্রোতাদের কাছে ঘোষণা করলেন, *"অদ্যই এই শাস্ত্রীয় বচন তোমাদের কর্ণগোচরে পূর্ণ হইল"* (লূক 4:21)। যীশু তাঁর পরিচর্যা শুরু করার ঈশ্বরের সময়টি সম্পর্কে অবগত ছিলেন। তাঁর এই বার্তাটিও সঠিক সময়ে এসেছিলো—সঠিক কালে ঈশ্বরের বাক্য। তিনি মন ফেরানোর বার্তা প্রচার করার সময়ে বলেছিলেন, *"কাল সম্পূর্ণ হইল, ঈশ্বরের রাজ্য সন্নিকট হইল; তোমরা মন ফিরাও, ও সুসমাচারে বিশ্বাস কর"* (মার্ক 1:15)। তিনি এক নতুন যুগের সূচনা ঘোষণা করছিলেন এবং তাঁর বার্তা লোকেদের মনোযোগকে সেই দিকে আকর্ষিত করেছিল যা ঈশ্বর সেই সময়ে পৃথিবীতে করছিলেন। তিনি এমন কিছু প্রচার ও ঘোষণা করছিলেন যা সেই সময়ের ক্ষেত্রে প্রাসঙ্গিক ছিল। পিতা কী করছিলেন ও করতে চলেছিলেন—এই পৃথিবীতে ঈশ্বরের বর্তমান ও আগত কাজগুলি,

সেই বিষয়ে তিনি সম্পূর্ণ ভাবে অবগত ছিলেন। তিনি এই ধরনের বাক্যাংশ ব্যবহার করেছেন, *"এমন সময় আসিতেছে"* এমন এক সময়ের সূচনাকে উল্লেখ করার জন্য যখন মানুষেরা সত্যে ও আত্মায় আরাধনা করবে (যোহন 4:21,23), এবং মৃত্যু থেকে তাঁর আগত পুনরুত্থানের উল্লেখ করার জন্য (যোহন 5:25)। আরেকটি স্থানে, তিনি এমন একটি আগত সময়ের কথা বলেছিলেন যখন তিনি তাঁর শিষ্যদের সাথে আর রূপক ভাষায় কথা বলবেন না, বরং সরাসরি পিতার বিষয়ে বলবেন (যোহন 16:25)।

এখান থেকে আমরা শিখতে পারি যে এই পৃথিবীতে ঈশ্বরের নির্দিষ্ট কাজ করার ও পদক্ষেপ নেওয়ার নির্দিষ্ট সময় রয়েছে। যীশু তাঁর ক্রুশারোপনের সময় সম্পর্কেও অবগত ছিলেন—এটা তাঁকে অবাক করেনি। তিনি জানতেন যে এমন এক সময় আসবে যখন তাঁর শিষ্যেরা তাঁকে পরিত্যাগ করবে (যোহন 16:32) ও ছিন্নভিন্ন হবে এবং তিনি ক্রুশারোপিত হবেন (যোহন 13:1; যোহন 17:1)। প্রকৃতপক্ষে, তিনি তাঁর জীবনকে এমন ভাবে সাজিয়েছিলেন যে তিনি জানতেন যে তাঁর ক্রুশীয় মৃত্যুর সময় এখনও এসে পড়েনি (যোহন 16:32)। বাইবেল এটাও বলে, *"... কেহ তাঁহার উপরে হস্তক্ষেপ করিল না, কারণ তখনও তাঁহার সময় উপস্থিত হয় নাই"* (যোহন 7:30; যোহন 8:20)। আমাদের প্রভুর জীবনের এই সংক্ষিপ্ত অবলোকন থেকে, আমরা লক্ষ্য করি যে তিনি এই পৃথিবীতে থাকাকালীন পিতার পরিকল্পনা ও সময় সম্পর্কে অবগত ছিলেন। তাঁকে অনুকরণ করা আমাদের জন্য একটা চ্যালেঞ্জ।

কীভাবে আমরা আমাদের জীবনকে পরিচালনা করছি? আমরা কি পিতার সময় ও পরিকল্পনা অনুযায়ী পা ফেলার জন্য চেষ্টা করছি? আমাদের মধ্যে কেউ কেউ ঈশ্বরের আগে দৌড়ানোর প্রলোভনে পা দেওয়ার সম্ভাবনা দেখায়। আমাদেরকে শুধুমাত্র সদাপ্রভুর উপর অপেক্ষা করার গুণ গড়ে তুললে হবে না, আমাদেরকে সদাপ্রভুর জন্য অপেক্ষা করতে হবে। বাইবেল আমাদের শেখায় যে ঈশ্বর *"... তাঁহার অপেক্ষাকারীর পক্ষে কার্য্য সাধন করেন"* (যিশাইয় 64:4)। আমার কৈশোর বছরগুলির শুরু দিকে, যখন প্রথম প্রভু আমার জীবনে কাজ করা শুরু করেছিলেন, বেশ কয়েকটি ক্ষেত্রে, আমি নিজেকে জোর করে পরিচর্যার ক্ষেত্রে প্রবেশ করিয়েছিলাম। অবশ্যই, ঈশ্বর করুণাময় কারণ তিনি জানতেন যে আমি এই পুস্তকের শিক্ষাগুলি সম্পর্কে অবগত ছিলাম না, এবং তিনি আমাকে সেইগুলির মধ্যে

দিয়ে শিখতে সাহায্য করেছিলেন। কিন্তু সেই দিনগুলিতেও, আমি আনন্দিত হয়েছিলাম যখন দেখেছিলাম যে ঈশ্বর অলৌকিক ভাবে সেই সাহসকে ও উদ্যোগকে আশীর্বাদ করেছিলেন যা আমি দেখিয়েছিলাম। সেই প্রাথমিক দিনগুলি থেকে স্থায়ী ফল আমি দেখেছিলাম। যে সত্যগুলি নিয়ে এখানে আলোচনা করছি, সেইগুলি জানার পর ঈশ্বরের সমগুলিকে বোঝাটা, এখন ঈশ্বরের সময়কে শেখার জন্য একটা দায়িত্ব হয়ে দাঁড়ায়। যে বিষয়গুলি ঈশ্বর আমাদের করতে পরিচালনা করছেন, সেটা আমাদের ব্যক্তিগত জীবনে হোক, অথবা পরিচর্যায়, অথবা আমাদের পেশায়, আমাদের অবশ্যই তাঁর পরিকল্পনা ও সময় জানতে হবে। আমাদের অবগত থাকতে হবে যে ঈশ্বরের কাছে একটি প্রশিক্ষণ ও প্রস্তুতির সময় রয়েছে। ঈশ্বর তাঁর "যোদ্ধাদের" জন্য কর্মক্ষেত্রেই প্রশিক্ষণ দিয়ে থাকেন। অনেকসময়, আমরা কিছু নির্দিষ্ট ঘটনা, স্থান, অথবা অভিজ্ঞতাগুলি এড়িয়ে যাওয়ার চেষ্টা করে থাকি ভয়ের কারণে। হয় আমরা ভয় পাই কিভাবে আমরা উত্তর দেবো নয়তো স্বাভাবিক ভাবেই অজানাকে ভয় পাই। কিন্তু কখনও-কখনও ঈশ্বর চান আমরা এই পরিস্থিতিগুলিতে পদক্ষেপ দিই যেন আমরা এই প্রক্রিয়ার মধ্যে শিখতে পারি, প্রশিক্ষিত হতে পারি ও বিজয়ী হতে পারি। এই পরিস্থিতিগুলি আমাদের জীবনে অপ্রয়োজনীয় বিলম্ব বলে মনে হতে পারে। কিন্তু ঈশ্বর এইগুলিকে আমাদের উপকারের জন্যই ঘুরিয়ে দিয়ে থাকেন।

অনেক আশ্চর্য বিষয় সেই সকল মানুষদের জন্য অপেক্ষা করে যারা "গর্দভ শাবকের" মত। এই সমস্ত লোকেরা দ্বিধাগ্রস্ত, অতীতকে অর্থাৎ যেটা জানা ও পরিচিত, চট করে ছাড়তে পারে না—এবং ঈশ্বরের নতুন কাজগুলিতে পদক্ষেপ নিতে অনিচ্ছুক। ঈশ্বরের নতুন কাজগুলি আমাদের কাছে অপরিচিত ও নতুন, এবং ঈশ্বর এখন যা কিছু করছেন, সেই অনুযায়ী চলার জন্য প্রয়োজন বিশ্বাস ও সাহস।

বর্তমানে ঈশ্বর এই পৃথিবীতে যা করছেন, সেই বিষয়ে আমাদের অবগত থাকতে হবে। আমরা যারা নেতৃত্বে রয়েছি আমাদের উপর দায়িত্ব রয়েছে আমাদের অধীনে লোকেদেরকে ঈশ্বরের সময় অনুযায়ী সেই সকল ক্ষেত্রে পরিচালনা করার, যা আমাদের জন্য প্রস্তুত করা হয়েছে।

# 3
# সময় ও কালকে বোঝা

**1 বংশাবলি 12:32ক**

**আর ইষাখর-সন্তানদের মধ্যে দুই শত প্রধান লোক, তাহারা কালজ্ঞ লোক, ইস্রায়েলের কি কর্ত্তব্য তাহা জানিত ...**

উপরে এই পদটি এক নির্দিষ্ট মানুষদের কথা উল্লেখ করে যারা সময়কে বুঝতেন। তারা সেই *'কাইরস'* মুহূর্তগুলিকে জানতেন। তারা জানতেন যে তাদের সেই সময়ে কোন কাজগুলি সবচেয়ে উপযুক্ত ছিল। সময় ও কালকে বোঝা আমাদের করণীয় কাজগুলি জানতে সাহায্য করবে। আমাদের ব্যক্তিগত জীবনে বিভিন্ন ঘটনা ঘটে যার জন্য আমাদের ঈশ্বরের সময় অন্বেষণ করা উচিৎ—উদাহরণস্বরূপ, কোন পরিচর্যা শুরু করা, বিবাহ, আমাদের পেশার ক্ষেত্র পরিবর্তন করা, সুসমাচারের জন্য কৌশলগত ভাবে নিজেকে নতুন স্থানে নিয়ে যাওয়া, অথবা কোন নতুন ব্যবসা শুরু করা। আমরা কয়েকটি "কাল" বিবেচনা করবো যা নির্দিষ্টভাবে শাস্ত্রে চিহ্নিত করা হয়েছে।

## ঈশ্বরের নতুন পদক্ষেপ নেওয়ার সময়

আমরা আগেই উল্লেখ করেছি যে ঈশ্বরের কাজ, পদক্ষেপ ও বিধানগুলিকে এই পৃথিবীতে উন্মোচিত করার নির্দিষ্ট সময় রয়েছে। ঈশ্বর বিশৃঙ্খল ভাবে কাজ করেন না। বরং, তিনি পূর্বেই সময় নির্ধারিত করে রাখেন যখন তিনি তাঁর নতুন কাজগুলিকে প্রকাশ করবেন। বিভিন্ন সময়ে, যীশু এই বাস্তব বিষয়টি তুলে ধরেছিলেন যখন তিনি এই বাক্যাংশটি ব্যবহার করতেন, *"এমন সময় আসিতেছে"*। যীশুর অনুযায়ী, এমন এক সময় আসতে চলেছিল যখন মানুষেরা ঈশ্বরকে *"সত্যে ও আত্মায়"* আরাধনা করবে (যোহন 4:21,23)। আমরা এমনই এক সময়ে বাস করছি। এছাড়াও, ঈশ্বরের পুত্রের দ্বারা শয়তানের পরাজয়েরও ইতিহাসে একটি নির্ধারিত সময় ছিল। যীশু যখন জানলেন যে এই পূর্ব-নির্ধারিত সময় এসে পড়েছে,

তখন তিনি ঘোষণা করলেন, *"এখন এ জগতের বিচার উপস্থিত, এখন এ জগতের অধিপতি বাহিরে নিক্ষিপ্ত হইবে"* (যোহন 12:31)। আমরা ঈশ্বরের আত্মার এক মহান বর্ষণের সময়ে বাস করি যার বিষয়ে যোয়েল 2:28 এবং প্রেরিত 2:17 পদে লেখা আছে, *"আর তৎপরে এইরূপ ঘটিবে, আমি মর্ত্ত্যমাত্রের উপরে আমার আত্মা সেচন করিব"*। ঈশ্বরের আত্মার এই মহা বর্ষণ সকল মানুষের উপর ঈশ্বরের ক্যালেন্ডার অনুযায়ী "শেষ সময়ের" জন্য সংরক্ষিত করে রাখা ছিল—যে সময়ে আমরা বসবাস করছি।

এই পৃথিবীতে ঈশ্বরের কাজ সম্পর্কে অনেকগুলি বিষয় আমাদের বুঝতে হবে।

### *প্রদত্ত যেকোনো সময়ে ঈশ্বরের আত্মার একাধিক "কাজ" এই পৃথিবীতে প্রকাশ পেতে পারে*

উদাহরণস্বরূপ, আমরা যে সময়ে বসবাস করছি, সেটা শুধুমাত্র ঈশ্বরকে সত্যে ও আত্মায় আরাধনা করার সময় নয়, বরং পবিত্র আত্মার বর্ষণ লাভ করার সময়। এটা জানা আমাদের জন্য অপরিহার্য। অনেক মানুষেরা এই সত্য সম্পর্কে অবগত না হওয়ার কারণে নিজেদেরকে সীমিত করে রেখেছে, এবং এর দ্বারা, তাদের জীবনে ঈশ্বরের কাজকেও এই পৃথিবীতে ঘটা ঈশ্বরের অন্যান্য সাধারণ কাজগুলির মধ্যে একটি কাজ হিসেবে করে তুলেছে। তখন তারা তাদের সীমিত বোধগম্যতা ও দৃষ্টিভঙ্গিকে এমন ভাবে উপস্থিত করে যেন ঈশ্বর একমাত্র বিষয়েই কাজ করছেন, এবং অবশ্যই এটা একটা অস্বাস্থ্যকর মানসিকতা। খ্রীষ্টিয় বিশ্বাসী হিসেবে, ঈশ্বর যা কিছু করছেন সেইগুলির প্রতি নিজেদের উন্মুক্ত রাখা ও সেইগুলি জানা প্রয়োজন। ঈশ্বর যা কিছু আমাদের জীবনের মধ্যে দিয়ে পূর্ণ করতে চান, সেইগুলির জন্য আমরা নিজেদের যেন খাপ খাওয়াতে পারি। ঈশ্বর যা কিছু করছেন তার কয়েকটি দিক উল্লেখ করি—আমরা "বাক্যের আন্দোলন" দেখেছি যেখানে ঈশ্বরের বাক্যের শিক্ষার উপর জোর দিয়ে বিশ্বাস, ঐশ্বরিক আরোগ্যতা, উদ্ধার, সমৃদ্ধি, ইত্যাদি বিষয়ের উপর অনেক ব্যাখ্যা করা হয়েছিল। তারপর, তুলনামূলক নবীন আন্দোলন রয়েছে যেখানে বিশ্বব্যাপী মিশন, মণ্ডলীর বৃদ্ধি, প্রশংসা ও আরাধনা, পরিবার, সামাজিক / রাজনৈতিক ক্রিয়াকলাপ, আত্মিক যুদ্ধ, ভাববাণীমূলক ও প্রেরিতদের কাজের উপর জোর দেওয়া হয়েছে। উন্মুক্ত হোন, জানার ঊর্ধ্বে জান, এবং সেই সকল

বিষয়ে পৌঁছান যা ঈশ্বর করছেন। আপনার জীবনে ঈশ্বরের কাজকে অথবা নিজেকে সীমিত করে রাখবেন না। আর ঈশ্বরের অন্য একটা কাজে নিযুক্ত থাকার ফলে যদি কেউ কোন ভিন্ন "ভাষায়" কথা বলে, তবে তার প্রতি সহনশীল থাকুন।

### *ঈশ্বরের প্রত্যেকটি পদক্ষেপ একটি নির্দিষ্ট উদ্দেশ্যকে পূর্ণ করে*

বর্তমান দিনে পবিত্র আত্মার বর্ষণের উদ্দেশ্য সম্পর্কে যীশু স্পষ্ট ভাবে বলেছেন, *"পৃথিবীর প্রান্ত পর্য্যন্ত আমার সাক্ষী হইবে"* (প্রেরিত 1:8)। আমাদের এটা নিরীক্ষণ করা এবং উপলব্ধি করার প্রয়োজন যে ঈশ্বর যা কিছু করছেন তা কেন করছেন। নয়তো, আমরা "ধরন"—এর মধ্যে জড়িয়ে যেতে পারি এবং "উদ্দেশ্যকে" হারাতে পারি। এটা ঈশ্বরের অভীষ্ট উদ্দেশ্যগুলিতে আমাদের প্রচেষ্টাকেও মূল্যায়ন করতে সাহায্য করবে।

### *ঈশ্বরের প্রত্যেকটি পদক্ষেপ তাঁর অন্য কোন একটি পদক্ষেপের পরিপূরক হয়ে ওঠে*

ঈশ্বরের বিভিন্ন পদক্ষেপ একে অপরের বিরোধী নয় বরং ঈশ্বর যা করছেন তার সাথে আরও অন্যান্য বিষয় যোগ করে। উদাহরণস্বরূপ, পবিত্র আত্মার বর্ষণ আমাদের কেবল সাক্ষী হতেই সক্ষম করে না বরং আত্মা ও সত্যে ঈশ্বরের উপাসনা করতেও সক্ষম করে। আত্মায় ঈশ্বরের উপাসনা করা শুধুমাত্র পিতাকে সন্তুষ্টই করে না বরং শত্রুর বিরুদ্ধে একটি অস্ত্র এবং অঞ্চলগুলির বাইরে সুসমাচারের অগ্রগতিতে সাহায্য করে। সুতরাং, একটি ভিন্ন কাজে জড়িতদের সাথে যোগ দিন এবং শিখুন যাতে আপনার জীবন সমৃদ্ধ হয়।

### *ঈশ্বরের অতীতের কাজগুলির মধ্যেই থেকে গেলে মানুষের দ্বারা ভুল হতে পারে*

ঈশ্বরের অতীতের পদক্ষেপগুলি যদিও আমাদের জন্য জানা গুরুত্বপূর্ণ, তবুও আমরা নিজেদেরকে অতীতে বসবাস করতে দিতে পারি না। ইস্রায়েলীয়দের উদাহরণটি বিবেচনা করুন যারা প্রতিশ্রুত দেশের দিকে যাত্রা করেছিল। বিভিন্ন সময়ে, তারা নিরুৎসাহ হয়ে পড়েছিল। তারা ঈশ্বরের ও মোশির বিরুদ্ধে বচসা ও অভিযোগ করেছিল। এইরকম এক ঘটনায়, সদাপ্রভু বিষাক্ত সাপ তাদের তাম্বুতে প্রবেশ করতে দিয়েছিলেন এবং অনেক লোকেরা মারা গিয়েছিল। লোকেরা যখন অনুতাপ করেছিল, তখন ঈশ্বর মোশিকে নির্দেশ দিয়েছিলেন একটি পিতলের সাপ তৈরি করতে ও একটি

উঁচু লাঠির উপর লাগিয়ে রাখতে যাতে *"সর্পদষ্ট যে কোন ব্যক্তি তাহার প্রতি দৃষ্টিপাত করিবে, সে বাঁচিবে"* (গণনাপুস্তক 21:1-9)। আর সেইরূপ ঘটেছিল। ইতিহাসে কয়েকশো বছর সামনে দিকে এগিয়ে আসার পর, আমরা দেখতে পাই ইস্রায়েলীয়েরা মোশির দ্বারা তৈরি পিতলের সাপের সামনে সুগন্ধযুক্ত ধূপ জ্বালাত ও সেই বস্তুর আরাধনা করতো (2 রাজাবলি 18:4)। ঈশ্বর হিষ্কিয় রাজাকে তুলেছিলেন এই ভয়ানক ও মন্দ কাজের সমাপ্তি আনতে যা ঈশ্বরের লোকেদের মাঝে ছিল। বর্তমানেও অনেকেই মূর্তিপূজার ন্যায় ঈশ্বরের অতীতের কাজের চিহ্নগুলিকে শক্ত করে ধরে রয়েছে। এটা মানুষকে ভ্রান্ত পথে পরিচালিত করে যা ঈশ্বরের দৃষ্টিতে অসন্তুষ্টজনক।

## *ঈশ্বর যা নতুন কাজ করছেন সেখানে পা না ফেলার ইচ্ছার কারণে অনেক মূল্য দিতে হতে পারে*

অনেক সময়ে, যেহেতু আমরা ঈশ্বরের কাজ ও তাঁর উপস্থিতি প্রদর্শন করার কিছু নির্দিষ্ট "উপায়ের" সাথে এতটাই অভ্যস্ত হয়ে যাই, আমরা ঈশ্বরের কাজ করার শুধুমাত্র সেই উপায়টিকেই ধরে বসে থাকি। বর্তমানে ঈশ্বর যদি কোন নতুন উপায়ে কাজ করতে ইচ্ছা করেন, সেই উপায়ের প্রতি নিজেদেরকে উন্মুক্ত করতে ব্যর্থ হই। পুরাতন নিয়মের মহান নেতা, মোশির কথা বিবেচনা করুন। এমন এক সময় এসেছিলো যখন ঈশ্বর তাকে একটি পাথরের উপর আঘাত মারতে বলেছিলেন, যা তিনি করেছিলেন, এবং ফলস্বরূপ সেই পাথর থেকে ইস্রায়েলীয়দের তৃষ্ণা মেটানোর জন্য জল বেরিয়ে এসেছিলো (যাত্রাপুস্তক 17:1-7)। তারপর কয়েক বছর পর, মোশি একই প্রকারের পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন যখন লোকেদের জলের প্রয়োজন হয়েছিল। কিন্তু, এইবার ঈশ্বর মোশিকে বলেছিলেন যে পাথরের উপর আঘাত করার পরিবর্তে সেই পাথরকে আদেশ দিতে। মোশি ইস্রায়েলীয়দের বচসা শুনে এতটাই বিরক্ত ও উত্তেজিত হয়ে গিয়েছিলেন যে তিনি সেই পাথরকে আদেশ দেওয়ার পরিবর্তে তার লাঠি দিয়ে পাথরটিকে আঘাত করেছিলেন, তিনি এটিকে দুইবার আঘাত করেছিলেন (গণনাপুস্তক 20:1-13)। অবশ্যই জল বেরিয়ে এসেছিলো, কিন্তু ঈশ্বর মোশিকে অবিশ্বাস ও অবাধ্যতার জন্য জবাবদিহি করেছিলেন। আপাত দৃষ্টিতে মনে হয়, সেই মুহূর্তে, মোশি সেই কাজটি করতে স্বস্তি ও স্বাচ্ছন্দ্য বোধ করেছিলেন যা তিনি আগে করেছিলেন ও জানতেন যে এইভাবে কাজ

করবে। তিনি পাথরকে আদেশ করার জন্য স্বস্তি বোধ করেননি। হয়তো, তিনি ভুলে গিয়েছিলেন যে তার লাঠি নয়, বরং ঈশ্বর যিনি এই অলৌকিক কাজের পিছনে প্রধান কারণ ছিলেন। অবিশ্বাসের জন্য মোশিকে ভয়ানক পরিণতির সম্মুখীন হতে হয়েছিল। আমরা কি সেই নতুন উপায়গুলির প্রতি নিজেদেরকে উন্মুক্ত রাখছি, যে নতুন উপায়ে ঈশ্বর কাজ করতে চান, যদিও ফলাফল একই হতে পারে?

## *একটি দর্শনের পূর্ণতার সময়*

**হবক্কূক 2:2,3**

**2 তখন সদাপ্রভু উত্তর করিয়া আমাকে কহিলেন, এই দর্শনের কথা লিখ, সুস্পষ্ট করিয়া ফলকে খুদ, যে পাঠ করে, সে যেন দৌড়িতে পারে।**
**3 কেননা এই দর্শন এখনও নিরূপিত কালের নিমিত্ত, ও তাহা পরিনামের আকাঙ্ক্ষা করিতেছে, আর মিথ্যা হইবে না; তাহার বিলম্ব হইলেও তাহার অপেক্ষা কর, কেননা তাহা অবশ্য উপস্থিত হইবে, যথাকালে বিলম্ব করিবে না।**

প্রত্যেকটি বাক্য যা ঈশ্বর আপনার হৃদয়ে ও জীবনে বলে থাকেন, তার একটি পূর্ণতার সময় রয়েছে। এই প্রক্রিয়াটি কোন মহিলার সন্তান জন্ম দেওয়ার মত। গর্ভধারণ করার একটি সময় রয়েছে—অর্থাৎ ঈশ্বর তাঁর স্বপ্ন, তাঁর ধারণাগুলি, তাঁর কৌশলগুলি, ও তাঁর পরিকল্পনাগুলি আপনার হৃদয়ে দিয়ে থাকেন। তারপর গড়ে ওঠার সময় আসে, যেখানে একজন ব্যক্তি হিসেবে আপনি এবং অন্যান্য প্রয়োজনীয় ঘটনাগুলিকে আপনার পরিকল্পনায় খাপ খাওয়ানোর জন্য সারিবদ্ধ করা হয়। অবশেষে জন্ম দেওয়ার সময় আসে—সেই দর্শন একটি বাস্তবে পরিণত হয়। কিন্তু যে বিষয়টি আমাদের জানা প্রয়োজন যে মাঝখানে একটি অপেক্ষার সময় থাকে—একটি সময়ের অংশবিশেষ—যে সময় থেকে দর্শনটি দেওয়া হয়, সেই সময় থেকে দর্শনটি বাস্তবায়িত হওয়া পর্যন্ত। এই অপেক্ষার সময়কালে ঈশ্বর আমাদেরকে সাহায্য করেন দর্শনটিকে পূর্ণ করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতিগুলি নিতে। আমাদেরকে তাৎক্ষণিক কাজগুলির ক্ষেত্রে পরিশ্রমী হতে হবে এই প্রত্যয় সঙ্গে নিয়ে যে দর্শন অবশ্যই পূর্ণ হবে। এই অপেক্ষার সময়কালে, যা কিছু প্রয়োজন সেইগুলি ঈশ্বর একত্র করছেন—লোক, স্থান, বস্তু—যা আমাদেরকে দর্শনটিকে পূর্ণ করতে সাহায্য করবে। যখন আমাদের প্রস্তুত করা হয়েছে, এবং বিষয়গুলিকে সারিবদ্ধ করা

হয়েছে, তখন সেই *‘কাইরস’* মুহূর্তটি আসে—সেই দর্শনটিকে পূর্ণ করার সময়।

## ফল উপভোগ করার সময়

**গীতসংহিতা 1:3ক**

**সে জলস্রোতের তীরে রোপিত বৃক্ষের সদৃশ হইবে, যাহা যথাসময়ে ফল দেয়।**

যথাসময়ে ফল দেখা যায়। এটা এই বিষয়ে বলে যে উপযুক্ত সময় থাকে যখন আমরা আমাদের পরিশ্রমের ফল দেখতে পাবো ও উপভোগ করতে পারবো। আমাদের মধ্যে থেকে কেউ কেউ হয়তো কোন নির্দিষ্ট ক্ষেত্রে অত্যন্ত পরিশ্রম করছে যে ক্ষেত্রে ঈশ্বর তাকে আহ্বান করেছেন। প্রায়ই, আমরা নিরুৎসাহ হয়ে পড়ি যখন দ্রুত ফল দেখতে পাই না, অথবা সেই বিষয়ের ক্ষেত্রে প্রত্যাশিত সময়ে ফল দেখতে পাই না। ফলের সময় আসার আগেই যদি আমরা ফল দেখতে চাই, তাহলে সেটা আমাদেরকে নিরুৎসাহ করতে পারে। আমাদেরকে বুঝতে হবে যে যথাসময়ে ফল দেখা যায়। আমাদের পরিশ্রমের পরিণতি অঙ্কুরিত হওয়া, উন্নত হওয়া ও অবশেষে ফল ধারণ করার সময় নির্ধারিত করা রয়েছে। আমরা যখন পরিশ্রম করি, আমরা যেন অবশ্যই শস্যক্ষেত্রে মালিকের দিকে তাকিয়ে থাকি কারণ তিনি তাঁর সময়ে বৃদ্ধি দিয়ে থাকেন।

## পরিক্ষিত ও প্রলোভিত হওয়ার সময়

**লূক 4:13**

**আর সমস্ত পরীক্ষা সমাপন করিয়া দিয়াবল কিয়ৎকালের জন্য তাঁহার নিকট হইতে চলিয়া গেল।**

**ইফিষীয় 6:13**

**এই জন্য তোমরা ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা গ্রহণ কর, যেন সেই কুদিনে প্রতিরোধ করিতে এবং সকলই সম্পন্ন করিয়া দাঁড়াইয়া থাকিতে পার।**

এমনও সময় ও কাল রয়েছে যেটা দিয়াবল একজন বিশ্বাসীর বিরুদ্ধে তার আঘাতগুলি নিয়ে আসার জন্য “উপযুক্ত সময়” রূপে দেখে। শয়তান সঠিক সময়ে আক্রমণ করার জন্য পরিকল্পনা করে।

সেই সময়গুলিকে *"কুদিন"* বলে সম্বোধন করা হয়েছে (ইফিষীয় 6:13)। এইগুলি হল সেই সময়, যখন কোন না কোন কারণ বশত: অনেক বেশি ভেদ্য হয়ে উঠি এবং আমরা শত্রুর জন্য কোন দরজা খুলে রাখি। যীশু এই সময়গুলিকে *"পরীক্ষার সময়"* (লূক 8:13) বলেছেন। সুতরাং, আমাদেরকে *"প্রবুদ্ধ হও, জাগিয়া থাক"* বলে সাবধান করা হয়েছে (I পিতর 5:8)। এটা বোঝা আমাদের জন্য গুরুত্বপূর্ণ যে নির্দিষ্ট সময় ও কাল রয়েছে যখন শয়তান আমাদের বিরুদ্ধে আক্রমণ করে থাকে। এমনও সময় আসবে যখন অন্যান্য সময়ের তুলনায় যুদ্ধ বেশি কঠিন ও তীব্র বলে মনে হবে। তবুও, আমরা জানি যে আমরা দৃঢ় থাকতে পারবো ও শত্রুর সমস্ত কাজগুলিকে পরাস্ত করতে পারবো। সাধারণত, এই প্রকারের তীব্র শয়তানের আক্রমণগুলি এই বিষয়ে ইঙ্গিত করে যে আমরা আমাদের জীবনে একটি বড় বিজয়লাভ ও সাফল্যের দোরগোড়ায় দাঁড়িয়ে আছি। এছাড়াও, অন্যান্য বিশ্বাসীরা যে সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে আমরা যদি তার প্রতি সংবেদনশীল হই তাহলে সেটা আমাদেরকে তাদের পাশে দাঁড়াতে ও সহযোগিতা করতে সাহায্য করবে। *"বিপদের দিনে"* (গীত 41:1) এবং *"বিপৎকালে"* (গীত 37:18,19) ঈশ্বর তাঁর সাহায্য প্রতিজ্ঞা করেছেন।

## ফসল কাটার সময়

**প্রেরিত 16:6,7**

**6 তাঁহারা ফরুগিয়া ও গালাতিয়া দেশ দিয়া গমন করিলেন, কেননা এশিয়া দেশে বাক্য প্রচার করিতে পবিত্র আত্মা কর্ত্তৃক নিবারিত হইয়াছিলেন;**
**7 আর মুশিয়া দেশের নিকটে উপস্থিত হইয়া তাঁহারা বিথুনিয়ায় যাইতে চেষ্টা করিলেন, কিন্তু যীশুর আত্মা তাঁহাদিগকে যাইতে দিলেন না।**

আমাদের ঈশ্বর হলেন শস্যক্ষেত্রের মালিক। সমস্ত জাতিগণ হল তাঁর শস্যক্ষেত্র। তিনি জানেন যে কখন তাঁর কোন শস্যক্ষেত্র পরিপক্ক হয়, কারণ সব ক্ষেত্র একসঙ্গে পক্ক হয়না। আমরা পৌল ও তার সহকর্মীদের অভিজ্ঞতা সম্পর্কে জানি যারা সুসমাচার প্রচার করার জন্য একটি নির্দিষ্ট অঞ্চলে প্রবেশ করার চেষ্টা করেছিলেন কিন্তু পবিত্র আত্মা তাদেরকে অনুমতি দেননি। কেন একটি নির্দিষ্ট অঞ্চল সুসমাচারের জন্য প্রস্তুত নয় তার অনেক কারণ থাকতে পারে। হয়তো, সেখানকার মানুষেরা ঈশ্বরের বাক্যকে গ্রহণ করার জন্য প্রস্তুত নয় এবং সেই কারণে প্রার্থনা ও মধ্যস্ততার মধ্যে

দিয়ে কাজ করে যেতে হবে। হয়তো, কার্যকারী লোকেরা সেই অঞ্চলের প্রতিকূলতাগুলির সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত হয়নি, অথবা সেই অঞ্চলে পরবর্তী সময়ে পদক্ষেপ ফেলা অনেক বেশি ফসল নিয়ে আসতে পারে। যাইহোক না কেন, আমাদেরকে সংবেদনশীল হতে হবে যখন আমরা ঈশ্বরের শস্যক্ষেত্রে পা ফেলি এবং পবিত্র আত্মার পরিচালনাকে অনুসরণ করে, তাঁর সাথে ও তাঁর সময় অনুযায়ী যেন চলতে পারি।

## ঈশ্বরের গৃহ নির্মাণ করার সময়

**হগয় 1:1-4**

**1 দারিয়াবস রাজার দ্বিতীয় বৎসরের ষষ্ঠ মাসে, মাসের প্রথম দিনে সদাপ্রভুর বাক্য হগয় ভাববাদী দ্বারা শল্টীয়েলের পুত্র সরুব্বাবিল নামক যিহূদার অধ্যক্ষের কাছে এবং যিহোষাদকের পুত্র যিহোশূয় মহাযাজকের কাছে উপস্থিত হইল।**
**2 তিনি কহিলেন, বাহিনীগণের সদাপ্রভু এই কথা কহেন, এই লোকেরা বলিতেছে, সময়, সদাপ্রভুর গৃহ নির্ম্মাণের সময়, উপস্থিত হয় নাই।**
**3 তখন হগয় ভাববাদী দ্বারা সদাপ্রভুর এই বাক্য উপস্থিত হইল;**
**4 এই কি তোমাদের আপন আপন ছাদ আঁটা গৃহে বাস করিবার সময়? এই গৃহ ত উৎসন্ন রহিয়াছে।**

**হগয় 1:8**

**পর্ব্বতে উঠিয়া গিয়া কাষ্ঠ আন এই গৃহ নির্ম্মাণ কর, তাহাতে আমি এই গৃহের প্রতি প্রসন্ন হইব, এবং গৌরবান্বিত হইব, ইহা সদাপ্রভু কহেন।**

পুরাতন নিয়মে ঈশ্বরের লোকেরা ঈশ্বরের সময়কে ধরতে পারেনি এবং অনুপযুক্ত কাজগুলি করার জন্য তাদেরকে দোষী করা হয়েছিল। তারা মন্দির নির্মাণের কাজকে অবহেলা করেছিল এবং নিজেদের গৃহ নির্মাণ করার কাজে ব্যস্ত রেখেছিল। যদি একটা সমান্তরাল চিত্র আঁকি, আমরা জানি যে বর্তমানে ঈশ্বর "ইট ও সিমেন্ট" দিয়ে নয়, বরং "জীবন্ত প্রস্তর" দিয়ে তাঁর মন্দির নির্মাণ করছেন। এটা হল মণ্ডলী যার বিষয়ে যীশু বলেছিলেন যে তিনি এই মণ্ডলী গাঁথবেন এবং যার জন্য তিনি অনুগ্রহ-দান প্রাপ্ত পরিচর্যাকারীদের নিযুক্ত করেছেন ও সাধুগণদের আহ্বান করেছেন (ইফিষীয় 4:7-11)। আমরা এমন একটি সময়ে বাস করছি যেখানে অনেক বেশি মানুষেরা তাদের নিজেদের পার্থিব গৃহ নয়, বরং ঈশ্বরের গৃহ নির্মাণ করার প্রয়োজনীয়তাকে উপলব্ধি করতে পারবে। এমনও সময় আসছে

যখন প্রাচীন দিনের মত ঈশ্বর তাঁর লোকেদেরকে তাদের নিজস্ব বাড়ি নির্মাণ করার কাজ থামাতে বলবেন (তাদের ব্যক্তিগত বিলাসিতা অথবা তাদের ব্যক্তিগত খ্রীষ্টিয় সংস্থা) এবং পরিবর্তে মণ্ডলীকে গড়ে তোলার কাজে বিনিয়োগ করতে বলবেন। এর অর্থ এই যে আমরা যেন ত্যাগস্বীকার সহকারে, উদার ভাবে দান করার সাথে, এবং নির্ভয়ে এগিয়ে যাওয়ার মাধ্যমে জীবনযাপন করার নতুন জীবনশৈলী ধারণ করার জন্য ইচ্ছুক থাকি।

## নীরবতার বছরগুলি

**গালাতীয় 1:15-18**

**15 কিন্তু যিনি আমাকে আমার মাতার গর্ভ হইতে পৃথক্ করিয়াছেন, এবং আপন অনুগ্রহ দ্বারা আহ্বান করিয়াছেন,**
**16 তিনি যখন আপন পুত্রকে আমাতে প্রকাশ করিবার সুবাসনা করিলেন, যেন আমি পরজাতিগণের মধ্যে তাঁহার বিষয়ে সুসমাচার প্রচার করি, তখন আমি ক্ষণমাত্রও রক্তমাংসের সহিত পরামর্শ করিলাম না,**
**17 এবং যিরূশালেমে আমার পূর্ব্ববর্ত্তী প্রেরিতগণের কাছে গেলাম না, কিন্তু আরব দেশে চলিয়া গেলাম, পরে দম্মেশকে ফিরিয়া আসিলাম।**
**18 তার পর তিন বৎসর গত হইলে কৈফার সহিত পরিচিত হইবার নিমিত্তে যিরূশালেমে গেলাম, এবং পনরো দিন তাঁহার কাছে রহিলাম।**

**গালাতীয় 2:1**

**পরে চৌদ্দ বৎসর গত হইলে আমি বার্ণবার সহিত পুনরায় যিরূশালেমে গেলাম, তীতকেও সঙ্গে লইলাম।**

সমগ্র শাস্ত্র জুড়ে আমরা লক্ষ্য করেছি যে ঈশ্বরের অনেক লোকেরা—সেই নেতারা যাদেরকে ঈশ্বর তুলেছিলেন—প্রস্তুতির জন্য অনেকগুলি "নীরবতার" বছর অতিবাহিত করেছিলেন। আমরা এই বছরগুলিকে "নীরবতার" বছর বলে সম্বোধন করি কারণ এই সময়কালে তারা কী কী করেছিলেন, সেই বিষয়ে খুব বেশি কিছু আমাদের জানানো হয়নি। ঈশ্বর তাদেরকে যে কাজের জন্য আহ্বান করেছিলেন, সেই কাজের জন্য তারা প্রশিক্ষিত হয়েছিলেন ও প্রস্তুতি নিয়েছিলেন। আর তারপর, সেই নীরবতার বছরগুলির শেষে, ঈশ্বর তাদেরকে একটি লক্ষণীয় পরিচর্যা কাজে নিযুক্ত করেছিলেন। এটা আমরা বিশেষ ভাবে পৌলের জীবনে

দেখতে পাই। তিনি পরিত্রাণ পেলেন ও একজন প্রেরিত হওয়ার জন্য আহূত হয়েছিলেন। কিন্তু অনেকগুলি বছর পরেই তিনি একজন প্রেরিতের অভিষেকের পূর্ণতায় প্রবেশ করলেন। তার মন পরিবর্তনের পর, তিনি অনেকগুলি নীরবতার বছর আরবে অতিবাহিত করেছিলেন। হয়তো, 10 বছর পর, তিনি আন্তিয়খিয়া মণ্ডলীতে একজন শিক্ষক হিসেবে তার প্রকাশ্যে পরিচর্যা শুরু করেছিলেন। প্রায় তিন বছর পর, পবিত্র আত্মার দ্বারা তিনি তার প্রৈরেতিক কাজ শুরু করার জন্য আহূত হয়েছিলেন (প্রেরিত 13:1-3)। এটা আমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের জীবনে দেখতে পাই যিনি তাঁর প্রকাশ্যে পরিচর্যা শুরু করার আগে 30 বছর নীরবতায় কাটিয়েছিলেন। যোষেফ প্রায় 13 বছর অপেক্ষা করেছিলেন, মোশি 40 বছর, এবং এরকম অনেককেই আমরা তালিকাভুক্ত করতে পারি। এটা উপলব্ধি করা গুরুত্বপূর্ণ যে নীরবতার সময়গুলি নিষ্ক্রিয়তার সময় ছিল না বরং প্রস্তুতির সময় ছিল, যেখানে একজন ব্যক্তি সেই সকল গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্বন্ধে শেখে, যার জন্য ঈশ্বর তাকে আহ্বান করেছেন। একজন ব্যক্তিকে যে প্রস্তুতির মধ্যে দিয়ে ঈশ্বর নিয়ে যান, সেটা অন্যান্য ব্যক্তির প্রস্তুতির ধরনের চেয়ে কিছুটা আলাদা হতে পারে। ঈশ্বরের "প্রশিক্ষণের পাঠশালা" প্রত্যেক ব্যক্তির জন্য আলাদা ভাবে পরিকল্পিত করা হয়েছে। আমাদের মধ্যে অনেকেই প্রশিক্ষণ সময়কালের মধ্যে রয়েছে। এখন আমরা যা কিছু করি তা আমাদের সামনে যা কিছু রয়েছে, তার জন্য ভিত্তিমূলক। সুতরাং, আপনার কাজের প্রতি বিশ্বস্ত থাকুন, এবং সর্বোপরি, শেখার জন্য, প্রশিক্ষিত হওয়ার জন্য ও প্রস্তুতি নেওয়ার জন্যও বিশ্বস্ত থাকুন।

# 4

# বিচক্ষণতার সাথে আমাদের জীবন পরিচালনা করা

**উপদেশক 8:5,6**

**5 যে ব্যক্তি আজ্ঞা পালন করে, সে কোন মন্দ বিষয় জানিবে না; আর জ্ঞানবানের মন সময় ও বিচার জানে।**
**6 বস্তুতঃ সমস্ত ব্যাপারের জন্য সময় ও বিচার আছে; কারণ মানুষের দুঃখ তাহার পক্ষে অতিমাত্র।**

**লূক 12:54-56**

**54 আর তিনি লোকসমূহকে কহিলেন, তোমরা যখন পশ্চিমে মেঘ উঠিতে দেখ, তখন অমনি বলিয়া থাক, বৃষ্টি আসিতেছে; আর সেইরূপই ঘটে।**
**55 আর যখন দক্ষিণ বাতাস বহিতে দেখ, তখন বলিয়া থাক, বড় রৌদ্র হইবে; এবং তাহাই ঘটে।**
**56 কপটীরা, তোমরা পৃথিবীর ও আকাশের ভাব বুঝিতে পার, কিন্তু এই সময় বুঝিতে পার না, এ কেমন?**

একজন বিচক্ষণ ব্যক্তি যেকোনো কাজের ক্ষেত্রে উভয় সঠিক সময় ও সঠিক পথটিকে চিহ্নিত করতে পারবে। প্রত্যেক বিষয় ও কাজের ক্ষেত্রে—অর্থাৎ কোন পরিচর্যা কাজ শুরু করা, বিবাহ, পেশা পরিবর্তন করা, সুসমাচারের জন্য কৌশলগত ভাবে নতুন স্থানে স্থানান্তরিত হওয়া, অথবা কোন নতুন ব্যবসা শুরু করা—সঠিক সময় ও সঠিক পথে নিতে হবে। ঈশ্বর আমাদেরকে বিচক্ষণ মানুষ হওয়ার জন্য আহ্বান করেছেন—এমন মানুষ যারা উভয় সময় ও বিচারকে চিহ্নিত করতে পারবে।

আমাদের জীবনের সময় ও কাল চিহ্নিত করতে পারার (ব্যক্তিগত ভাবে হোক অথবা দলগত ভাবে) সাথে আসে সঠিক পদক্ষেপ নেওয়ার দায়িত্ব। পৌল লিখেছেন, *"... কারণ তোমরা এই কাল জ্ঞাত আছ; ফলতঃ এখন তোমাদের নিদ্রা হইতে জাগিবার সময় হইল; ... রাত্রি প্রায় গেল,*

*দিবস আগতপ্রায়; অতএব আইস, আমরা অন্ধকারের ক্রিয়া সকল ত্যাগ করি, এবং দীপ্তির রণসজ্জা পরিধান করি। আইস, ... দিবসের উপযুক্ত শিষ্ট ভাবে চলি"* (রোমীয় 13:11-13)। যেহেতু আমরা জানি যে আমরা কোন সময়ে বাস করছি, আমাদেরকে সেই অনুযায়ী জীবনযাপন করার নির্দেশ দেওয়া হয়েছে। বিচক্ষণ মানুষেরা তারাই যারা সময় সম্পর্কে একটি স্পষ্ট ধারণা সহকারে তাদের জীবনকে পরিচালনা করে। এরা এমন ব্যক্তি যারা *"যথাকালে কথিত বাক্য"* (হিতোপদেশ 15:23) বলতে জানে কারণ তারা ঈশ্বরের রবকে শোনার জন্য নিজেদেরকে অনুশাসিত করেছে (যিশাইয় 50:4,5)। যখনই ঈশ্বরের সেবা করার কথা আসে তারা সর্বদা প্রস্তুত থাকে। তারা *"সময়ে অসময়ে কার্য্যে অনুরক্ত"* (2 তীমথিয় 4:2)। যেকোনো সময়ে ঈশ্বর তাদের উপর নির্ভর করতে পারেন কারণ তারা সেই সময়ের জরুরি অবস্থা সম্পর্কে অবগত। সুতরাং, তারা অনবরত প্রস্তুতির সাথে একটি অনুশাসিত জীবনযাপন করে। এরা এমন ব্যক্তি যারা নিরুৎসাহ হয় না এবং উত্তম কাজ করতে কখনই ক্লান্ত হয়ে পড়ে না কারণ তারা জানে যে *"যথাসময়"* পুরষ্কার লাভ করবে (গালাতীয় 6:9)। তারা এমন ব্যক্তি যারা নম্রতায় চলে, কখনই খ্যাতি অন্বেষণ করে না এবং তাদের কর্তৃপক্ষের তিরস্কার করে না। তারা মানুষের প্রশংসা পাওয়ার আশা করে না কারণ তারা জানে যে ঈশ্বর *"উপযুক্ত সময়ে"* তাদের উন্নত করবেন (1 পিতর 5:5,6)। কীভাবে আমরা আমাদের জীবনকে পরিচালনা করছি? আমরা কি ঈশ্বরের সময় অনুযায়ী ও তাঁর পদক্ষেপের সাথে চলার প্রচেষ্টা করছি? নাকি আমরা এলোমেলো ভাবে জীবনযাপন করছি, অন্যেরা করছে তাই দেখে কাজ করছি। আসুন, আমরা আমাদের জীবনকে বিচক্ষণতার সাথে যাপন করি—ঈশ্বর আমাদেরকে যে সময় ও কালের মধ্যে দিয়ে নিয়ে যাচ্ছেন, সেই অনুযায়ী আমাদের অগ্রাধিকারগুলিকে পুনরায় সাজিয়ে তুলি, আমাদের কর্মসূচি পরিবর্তন করি, ও আমাদের জীবনকে বদলাই।

সময় উপলব্ধি করতে পারা হল পরিস্থিতি ও পরিবেশ দেখে আবহাওয়া সম্বন্ধে বলতে সক্ষম হওয়া। যীশু এই উপমা ব্যবহার করেছিলেন যখন তিনি তাঁকে অনুসরণকারী লোকেদের ভিড়কে তীব্র ভাবে অনুযোগ করেছিলেন। লোকেরা মেঘের অবস্থা ও বায়ুর দিক দেখে আবহাওয়া অনুমান করতে পারতো। কিন্তু, তারা সময় উপলব্ধি করতে পারে নি। এই ব্যবহার্য উপমা থেকে, আমরা কয়েকটি মন্তব্য করতে পারি যা আমাদেরকে

সাহায্য করবে সময় ও কালগুলিকে উপলব্ধি করতে ও সঠিক ভাবে সাড়া দিতে, যার মধ্যে দিয়ে ঈশ্বর আমাদেরকে পরিচালনা করছেন। সময় ও কাল উপলব্ধি করার চাবিকাঠি হল পর্যবেক্ষণশীল হওয়া।

## আপনার ভিতরে ঈশ্বরের আত্মার পরিচালনাকে পর্যবেক্ষণ করুন

আপনার মধ্যে কর্মরত থাকার প্রক্রিয়ায়, ঈশ্বর আপনাকে তাঁর পরিকল্পনা ও উদ্দেশ্য প্রকাশ করে থাকেন। অনেক তীব্র আকাঙ্খা, স্বপ্ন, ও প্রত্যাশা রয়েছে যা তিনি তাঁর বাক্য ও আত্মা দ্বারা আপনার মধ্যে জন্ম দেবেন। আপনি একটি উত্তপ্ত আবেগ অনুভব করবেন—হারিয়ে যাওয়া মানুষদের কাছে পৌঁছে যাওয়ার, তাঁর বাক্য শিক্ষা দেওয়ার, একজন ব্যবসায়ী হওয়ার, ইত্যাদি—যা আপনার অভ্যন্তরীণ মানুষের মধ্যে জ্বলে উঠবে। এইভাবে ঈশ্বর আপনার সাথে যোগাযোগ স্থাপন করবেন। এই প্রকার ঈশ্বরের কাজের প্রতি আপনার দৃষ্টি খোলা রাখুন।

## আপনার জীবনের ঘটনা ও পরিস্থিতিগুলির প্রতি নজর রাখুন

আপনার সময়, আপনার জীবনের ঘটনাগুলি ঈশ্বরের হাতে রয়েছে (গীত 31:15)। বিষয়গুলি এমনি-এমনি ঘটে না। এটা উপলব্ধি করুন, অনেক সময়, ঈশ্বর আপনার জন্য নির্দিষ্ট ঘটনা ঘটিয়ে ও পরিস্থিতি তৈরি করে থাকেন। আপনার পথে যা কিছু আসছে, এইগুলির মধ্যে দিয়ে তিনি কিছু আপনাকে জানাতে চাইছেন। হয়তো এটা কোন ঈশ্বরের লোকের সাথে অথবা কোন বড় সংস্থার সভাপতির সাথে একটি সাক্ষাৎকার হতে পারে। এটা কোন নির্দিষ্ট কাজে অংশগ্রহণ করার একটি সুযোগ হতে পারে, কোন নির্দিষ্ট বাক্য প্রচার শোনা হতে পারে, অথবা কোন বন্ধুর একটা মন্তব্য হতে পারে, ইত্যাদি। ঈশ্বর আপনার জীবনের সাধারণ ঘটনাগুলির মধ্যে দিয়ে কথা বলতে পারেন। চোখ খোলা রাখুন যখন তিনি আপনার সাথে কথা বলছেন (এবং কখন তিনি বলছেন না!) এবং লক্ষ্য করুন যে তিনি কী বলছেন।

## তাৎক্ষণিক ঘটনাগুলির ক্ষেত্রে আপনার মধ্যে ঈশ্বরের আত্মার কাজগুলির সাথে সম্পর্কস্থাপন করে পদক্ষেপ নিন

আপনি যদি রাস্তায় আছে এবং আকাশে কালো মেঘ জমা হতে দেখছেন এবং

আপনি বৃষ্টির অনুমান করতে পারছেন, অথবা বৃষ্টির প্রথম ফোঁটাটি আপনার উপর অনুভব করলেন, তখন স্বাভাবিক ভাবে আপনি নিজেকে অরক্ষিত রাখবেন না ও বৃষ্টিতে ভিজবেন না। আপনি অবশ্যই ছাতা বের করবেন অথবা কোন একটি আশ্রয়ের নিচে গিয়ে দাঁড়াবেন। একইভাবে, আপনি যখন পবিত্র আত্মার পরিচালনার প্রতি ও আপনার জীবনে পরিস্থিতিগুলির প্রতি সংবেদনশীল থাকেন, তখন আপনাকে অনবরত এই দুটি বিষয়ের মধ্যে সম্পর্কস্থাপন করতে হবে ও যথাযথ পদক্ষেপ নিতে হবে।

## আপনার জীবনের কালগুলির প্রতি সংবেদনশীল থাকুন

যারা পৃথিবীর এমন স্থানে বসবাস করেছে যেখানে তাপমাত্রা অত্যন্ত বেশি অথবা অত্যন্ত কম, তারা ঋতু অনুযায়ী উপযুক্ত পোশাক পরিধান করার গুরুত্ব বোঝে। শীতকালে, তারা তাদের মোটা উলের পোশাকগুলি বের করে এবং গ্রীষ্মকালে হাল্কা পোশাক পরিধান করে। আরেক কথায়, আবহাওয়া অনুযায়ী আমাদের পোশাকের ধরন পরিবর্তন করি। একইভাবে, বিশ্বাসী হিসেবে, আমরা যেন জীবনের সময় ও কাল অনুযায়ী জীবনকে পরিচালনা করি, যার মধ্যে দিয়ে ঈশ্বর আমাদেরকে নিয়ে যাচ্ছেন।

## ঈশ্বর আপনাকে প্রস্তুতি কালের মধ্যে দিয়ে নিয়ে যাবেন

আমাদের সকলেই বুঝি যে ঈশ্বর আমাদেরকে সেই কাজের জন্য প্রস্তুত করেন যার জন্য তিনি আমাদেরকে আহ্বান করেছেন। কিন্তু যেটা আমরা উপলব্ধি করতে ব্যর্থ হতে পারি তা সাধারণত একাধিক প্রস্তুতির সময় ও কাল। উদাহরণস্বরূপ, আপনি হয়তো প্রস্তুতির এমন একটি সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন যেখানে আপনি নতুন দক্ষতা ও ক্ষমতা শিখেছেন। আপনি হয়তো ভাবতে পারেন যে এটা শেষ হওয়ার পর, ঈশ্বর হয়তো আপনার স্বপ্ন ও হৃদয়ের পরিকল্পনাগুলিকে পূর্ণ করার জন্য আপনাকে মুক্ত করবেন। আপনি হয়তো এটা দেখে অবাক হবেন যে যখন আপনার জীবনের এই পর্যায়টি শেষ হবে, তখন আপনার হৃদয়ের স্বপ্নটিকে পূর্ণ করার জন্য ঝাঁপিয়ে পরার পরিবর্তে, আপনি আপনার জীবনের আরেকটি প্রস্তুতি পর্বে প্রবেশ করবেন যেখানে ঈশ্বর আপনার জীবনের আরও একটি ক্ষেত্রের প্রস্তুতির উপর কাজ করবেন। হয়তো, এই ঋতুতে, তিনি আপনার হৃদয়ের সমস্যাগুলি নিয়ে মোকাবিলা করবেন—আপনার মধ্যে চরিত্র ও অনুশাসন বিকাশ ও শক্তিশালী করতে ব্যবহার করবেন।

## প্রত্যেকটি কাল আপনাকে পরবর্তী কালের জন্য প্রস্তুত করে

ঈশ্বর আপনাকে যে বিভিন্ন ঋতুর মধ্যে দিয়ে নিয়ে যান, সেইগুলি আপনার জীবনের কয়েকটি একক সময়কাল নয় যার মধ্যে দিয়ে যাবেন আর একদিন ভুলে যাবেন। বরং, প্রত্যেকটি কাল জীবনের পূর্ববর্তী কালের উপর ভিত্তি করে গড়ে ওঠে। জীবনের এই পর্যায়ে আপনি যা কিছু শেখেন তা আপনাকে জীবনের পরবর্তী পর্যায়ের প্রতিকূলতা ও সংগ্রামগুলির জন্য প্রস্তুত করবে। সুতরাং, জীবনের প্রত্যেকটি কাল গুরুত্বপূর্ণ।

## যখন কাল বদলায় তখন নিজেকে বদলাতে ইচ্ছুক থাকুন

যখন কাল বদলায় ও জীবন বিভিন্ন পরিবর্তনের মধ্যে দিয়ে যায়, তখন নিজেকে পরিবর্তন করা প্রয়োজন। উদাহরণস্বরূপ, জীবনের বর্তমান কালে, আপনি হয়তো কোন নির্দিষ্ট স্থানে বসবাস করেন, কিছু নির্দিষ্ট বন্ধুরা রয়েছে আপনার কাছে, এবং কিছু নির্দিষ্ট ক্রিয়াকলাপের মধ্যে নিযুক্ত রয়েছেন। ঈশ্বর যখন আপনার জীবনের কাল বদলান, তখন ঈশ্বর হয়তো আপনাকে একটি নতুন স্থানে যেতে বলবেন, নতুন বন্ধু করতে বলবেন, এবং সম্পূর্ণ ভাবে নতুন ক্রিয়াকলাপে নিযুক্ত হতে বলবেন। কিন্তু, আপনাদের মধ্যে কেউ কেউ এটা করতে কঠিন বোধ করবেন কারণ আপনি হয়তো পরিচিত বিষয়ের মধ্যে থাকতে স্বাচ্ছন্দ্য বোধ করেন ও অজানা বিষয়গুলিকে ভয় করেন। আপনাকে অবশ্যই বর্তমান থেকে ভবিষ্যতে যাওয়ার জন্য ইচ্ছুক হতে হবে, যা ঈশ্বর আপনার জন্য নির্ধারণ করে রেখেছেন।

## দূরদর্শী হন এবং পরবর্তী কালের জন্য প্রস্তুতি নিন

অনেকসময়, আপনি অবগত থাকেন যে কোন একটি নির্দিষ্ট সময়ে আপনার জীবনের কাল বদলাতে চলেছে। উদাহরণস্বরূপ, কয়েক মাসের মধ্যেই আপনি হয়তো একজন অবিবাহিত ব্যক্তি থেকে বিবাহিত ব্যক্তিতে পরিণত হবেন। যেহেতু আপনি জানেন যে এই পরিবর্তন শীঘ্রই আসতে চলেছে, সেই কারণে যতটা সম্ভব পরিকল্পনা করুন ও প্রস্তুতি নিন। যখন পরিবর্তনের সময় আসবে তখন অবাক হবেন না। এই সমস্ত বিষয়গুলি নিয়ে চিন্তাভাবনা করুন যা এই পরিবর্তনটিকে প্রভাবিত করবে এবং ভালো ভাবে প্রস্তুতি নিন।

## আপনি যে কালে রয়েছেন, সেটা উপভোগ করুন

আপনি অবশ্যই জীবনের প্রত্যেকটি কালকে উপভোগ করতে শিখুন। জীবনের কিছু কিছু কাল বাকিগুলির মত খুব সুন্দর হয় না। যাইহোক, আপনাকে এই যাত্রা উপভোগ করতে শিখতে হবে কারণ প্রত্যেকটি কালের একটি মূল্য রয়েছে।

## কখন *'কাইরস'* ঘটে?

যেমন আগে উল্লেখ করেছি, *'কাইরস'* হল আমাদের জীবনের কিছু নির্দিষ্ট ঘটনাগুলির একসঙ্গে আসা যা সেই সময়টিকে একটি উপযুক্ত সময় রূপে তৈরি করে। ব্যক্তিগত বিষয়ে, *'কাইরস'* ঈশ্বরের চেয়েও আমাদের উপর বেশি নির্ভরশীল। উদাহরণস্বরূপ, আপনি হয়তো আপনার পরিচর্যা অথবা ব্যবসা শুরু করার সেই *'কাইরস'* মুহূর্তটির জন্য অপেক্ষা করছেন। এমন একজন ব্যক্তি যিনি পরিচর্যা শুরু করার জন্য অপেক্ষা করছেন, তার জন্য *'কাইরস'* মুহূর্ত তখন আসবে যখন ঈশ্বর দেখবেন যে সেই ব্যক্তিটি প্রস্তুত হয়েছেন। এই প্রস্তুতি নির্ভর করবে যে সেই ব্যক্তি কীভাবে তার জীবনে ঈশ্বরের কাজগুলির প্রতি সাড়া দেন। ঈশ্বর ততক্ষণ অপেক্ষা করবেন, যতক্ষণ পর্যন্ত না সেই আকাঙ্খিত চরিত্র, উদ্দেশ্যের শুদ্ধতা, সঠিক মানসিকতা, ও একটি সেবক-হৃদয় ব্যক্তিটির মধ্যে গড়ে উঠছে। যখন ঈশ্বর দেখেন যে এইগুলি তার মধ্যে পরিপক্কতা লাভ করেছে, তখন তার পরিচর্যা শুরু করার *'কাইরস'* মুহূর্ত এসে পড়ে। ততক্ষণ পর্যন্ত, ঈশ্বর অপেক্ষা করবেন যতক্ষণ না তিনি প্রয়োজনীয় বোধ করবেন। ঈশ্বর কখনই তাড়াহুড়ো করেন না।

# 5
# সময়ের পুনরুদ্ধার

**যোয়েল 2:25**

**আর পঙ্গপাল, পতঙ্গ, ঘুর্ঘুরিয়া ও শূককীট...তাহারা যে যে বৎসরের শস্যাদি খাইয়াছে, আমি তাহা পরিশোধ করিয়া তোমাদিগকে দিব।**

**গীতসংহিতা 103:5**

**তিনি উত্তম দ্রব্যে তোমার মুখ তৃপ্ত করেন, ঈগল পক্ষীর ন্যায় তোমার নূতন যৌবন হয়।**

**2 পিতর 3:8**

**কিন্তু প্রিয়তমেরা, তোমরা এই কথা ভুলিও না যে, প্রভুর কাছে এক দিন সহস্র বৎসরের সমান, এবং সহস্র বৎসর এক দিনের সমান।**

সমাপ্ত করার আগে, আমরা সময়কে পুনরুদ্ধার করার সম্বন্ধে কয়েকটি মন্তব্য করতে চাই। আমরা এমন একটি সময়ে বসবাস করছি যেটার বিষয়ে অধিকাংশ বাইবেল শিক্ষকেরা বিশ্বাস করে যে এটা হল পুনরুদ্ধারের সময়, যার বিষয়ে প্রেরিত 3:19-21 পদে লেখা আছে। এটি মণ্ডলীর মধ্যে পূর্ণতা লাভ করে চলেছে যখন এটি মহান ক্ষমতায় ও প্রতাপে পুনরুদ্ধারিত হচ্ছে। যাইহোক, যেমন আমরা বাইবেলে দেখতে পাই, যখনই ঈশ্বর পুনরুদ্ধার করেন, তখন তিনি বৃদ্ধিও দেন (ইয়োব 42:10)। ঈশ্বর যা ফিরিয়ে দেন তা আসল বিষয়টির থেকে অনেক বেশি মহান ও উত্তম হয়ে ওঠে। সময়ের ক্ষেত্রেও এটা সত্য। সময় ঈশ্বরকে নিয়ন্ত্রণ করে না, বরং ঈশ্বর সময়কে নিয়ন্ত্রণ করেন। ঈশ্বরের ঘড়ি অনুযায়ী, আমরা যেমন ভাবে অভ্যস্ত, সেই ভাবে সময় চলে না। আমাদের কিছুজনের ক্ষেত্রে, পঙ্গপাল হয়তো আমাদের জীবনটিকে আঘাত করেছে। এই প্রেক্ষাপটে, পঙ্গপাল হল নষ্ট, ধ্বংস ও ফলহীনতার হওয়ার প্রতীক। ঈশ্বর বছরগুলিকে (সময়) ফিরিয়ে দিতে পারেন যা নষ্ট হয়ে গিয়েছে (সেটা যেকোনো কারণেই হোক)। তিনি আমাদেরকে এক বছরের মধ্যে পবিত্র আত্মার শক্তিতে সফল হতে সাহায্য করতে পারেন, যা আমরা নিজেদের শক্তিতে এক হাজার বছরেও হয়তো করতে পারতাম না। আমাদের জীবনে যে বছরগুলি নষ্ট হয়েছে, সেইগুলি ফিরে পাওয়ার জন্য ঈশ্বরের দিকে আমরা দৃষ্টিপাত করতে পারি।

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় 2000 বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারণ করে এই জগতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছেন ও করেছেন, তার দ্বারা ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, বধিরদের শ্রবণশক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরণের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটিকে বৃদ্ধি করে ক্ষুধার্তদের খাইয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তার লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে আসার সিদ্ধান্ত নিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে এক অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাঁধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে যাওয়ার দ্বারা ঈশ্বরের থেকে অনন্তকালীন পৃথকীকরণ।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, ***"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন"*** **(রোমীয় 6:23)**। যীশু তাঁর ক্রুশীয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করলেন। তারপর, তিন দিন পর তিনি মৃত্যু থেকে বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায় অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি পাক। আর সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ ও পাপের

পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রদান করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার করতে এসেছিলেন—আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে—প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর যা করেছিলেন তা স্বীকার করতে হবে এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করতে হবে।

***"... যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"*** **(প্রেরিত 10:43)।**

***"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"*** **(রোমীয় 10:9)।**

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা রয়েছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস তথা তিনি ক্রুশের উপর যা করেছেন, তা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা নির্দেশরেখা মাত্র। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গেছ, তুমি তোমার বহুমূল্য রক্ত সেচন করেছ এবং আমার পাপের মূল্য দিয়েছ, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য যা করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছ এবং মৃত্যু থেকে পুনরুত্থিত হয়েছ। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, না অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছ, তুমি আমার পাপের মূল্য দিয়েছ, তুমি মৃতদের মধ্যে থেকে উত্থিত হয়েছ, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরণ লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*

# অল পিপালস্ চার্চের সম্বন্ধে কিছু কথা

অল পিপালস্ চার্চ (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবণ ও জ্যোতির মতো হওয়া এবং সমগ্র ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হওয়া।

অল পিপালস্ চার্চ হল **যীশুকে প্রেম করা, ঈশ্বরের বাক্য কেন্দ্রিক, পবিত্র আত্মায় পূর্ণ,** পরিবার মণ্ডলী, একটি প্রস্তুতির কেন্দ্র, এক মিশন ভিত্তিক ও বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী।

- একটি **পরিবার মণ্ডলী** হিসেবে, আমরা খ্রীষ্ট-কেন্দ্রিক সহভাগীতায় একটি সম্প্রদায় হিসেবে বেড়ে উঠি, ঈশ্বরের দেহ হিসেবে পরস্পরের যত্ন নিয়ে থাকি ও প্রেম করি।
- একটি **প্রস্তুতি কেন্দ্র** হিসেবে, আমরা প্রত্যেক বিশ্বাসীকে শক্তিযুক্ত করি ও প্রস্তুত করি একটি বিজয়ী জীবনযাপন করার জন্য, খ্রীষ্টের প্রতিমূর্তি অনুযায়ী পরিপক্ক হওয়ার জন্য এবং তাদের জীবনে ঈশ্বরের উদ্দেশ্যকে পূর্ণ করার জন্য।
- এক **মিশন ভিত্তিক** হিসেবে, এই শহরটিকে, আমাদের দেশকে আশীর্বাদ করার জন্য ও ঈশ্বরের বাক্যের মধ্যে দিয়ে অন্যান্য দেশে যীশু খ্রীষ্টের সম্পূর্ণ সুসমাচার নিয়ে যাওয়ার জন্য ও পবিত্র আত্মার শক্তির অলৌকিক প্রদর্শন করার জন্য অর্থপূর্ণ পরিচর্যাতে নিজেদের নিযুক্ত করি।
- এক **বিশ্বব্যাপী প্রসারিত মণ্ডলী** হিসেবে, আমরা স্থানীয়ভাবে ও বিশ্বব্যাপীভাবে ঈশ্বরভক্ত নেতৃবৃন্দ ও আত্মায় পূর্ণ মণ্ডলীগুলিকে লালন-পালন করার দ্বারা সেবা করে থাকি, যারা ঈশ্বরের রাজ্যের জন্য তাদের অঞ্চলগুলিতে প্রভাব বিস্তার করতে পারে।

অল পিপালস্ চার্চে, ঈশ্বরের আত্মার অভিষেক ও প্রদর্শনে ঈশ্বরের সম্পূর্ণ ও আপসহীন বাক্যকে উপস্থাপন করার জন্য অঙ্গীকারবদ্ধ। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ অ্যাপলজেটিক্স, সমকালীন পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি কখনই ঈশ্বরের পবিত্র আত্মার শক্তিতে, চিহ্নকাজ, আশ্চর্যকাজ, পবিত্র আত্মার বরদান সহকারে, ঈশ্বরের বাক্য ঘোষণা করার ঈশ্বর দ্বারা নির্ধারিত পদ্ধতির বিকল্প হতে পারে না (I করিন্থীয় 2:4,5; ইব্রীয় 2:3,4)। আমাদের মূল বিষয় হলেন যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আবেগ হল মানুষ, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মত পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে অল পিপালস্ চার্চ -এর অনেক মণ্ডলী রয়েছে। অল পিপালস্ চার্চ -এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change
Code of Honor
Divine Favor
Divine Order in the Citywide Church
Don't Compromise Your Calling
Don't Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God's Purpose for Your Life
Giving Birth to the Purposes of God
God Is a Good God
God's Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don't Take Them
Open Heavens
Our Redemption
Receiving God's Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father's Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner's Fire
The Spirit of Wisdom, Revelation and Power
The Wonderful Benefits of speaking in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different
Who We Are in Christ
Women in the Workplace
Work Its Original Design

নিয়মিত নতুন পুস্তক প্রকাশিত হয়ে থাকে। উপরের পুস্তকগুলির PDF সংস্করণ, অডিও, এবং অন্যান্য মাধ্যমে বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ রয়েছে। এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য নিশুল্ক উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: **apcwo.org/sermons**

# ক্রিসালিস কাউন্সেলিং

ক্রিসালিস কাউন্সেলিং ব্যক্তিগত পরামর্শ প্রদান করে থাকে মানুষকে জীবনের প্রতিকূলতাগুলিকে সম্মুখীন ও অতিক্রম করতে সাহায্য করার জন্য। ক্রিসালিস কাউন্সেলিং হল পেশাগত ভাবে প্রশিক্ষিত ও অভিজ্ঞ খ্রীষ্টিয় পরামর্শদাতাদের একটি দল।

আমাদের এই পরিষেবা সকল বয়সের মানুষদের জন্য উপলব্ধ রয়েছে এবং জীবনের বিভিন্ন প্রকারের প্রতিকূলতার সাথে মোকাবিলা করে থাকে।

**কৈশোর**
**ব্যক্তিগত মীমাংসা**
**সম্পর্ক সম্বন্ধীয় সমস্যা**
**পড়াশোনায় বিফলতা**
**কর্মক্ষেত্রে সমস্যা**
**পরিবার/দম্পতি: প্রাক-বিবাহ, বিবাহ**
**পিতা-মাতা/সন্তান/ভাই-বোন/সমকক্ষ**
**আচরণগত ব্যাধি**
**পার্সোনালিটি ডিসঅর্ডার**
**মনস্তাত্ত্বিক/আবেগজনিত সমস্যা**
**মানসিক চাপ/মানসিক আঘাত**
**মদ/মাদক আসক্তি**
**আধ্যাত্মিক সমস্যা**
**লাইফ কোচিং**

ক্রিসালিস কাউন্সেলিং -এর পরিষেবা ফি সাশ্রয়ী ও সহজে উপলব্ধ।

আমাদের কোন একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে অ্যাপয়েন্টমেন্ট -এর সময় স্থির করার জন্য:

**ওয়েবসাইট: chrysalislife.org**
**ফোন:** +91-80-25452617 অথবা টোল ফ্রি (শুধুমাত্র ভারতে) 1-800-300-00998
**ই-মেইল: counselor@chrysalislife.org**

ক্রিসালিস কাউন্সেলিং **অল পিপালস্ চার্চ অ্যান্ড ওয়ার্ল্ড আউটরিচ**-এর একটি পরিচর্যা।

# অল পিপালস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপালস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী হিসেবে নিজ সীমার উর্ধ্বে গিয়ে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ করে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে।

আমরা আপনাকে এককালীন দান প্রদান অথবা মাসিকভাবে আর্থিক দান পাঠানোর দ্বারা আর্থিকভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আমাদের দেশব্যাপী এই কাজের জন্য সাহায্যার্থে আপনার পাঠানো যে কোন পরিমাণ অর্থ বিশেষভাবে সমাদৃত হবে।

আপনারা আপনাদের দান চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা "All Peoples Church" এই নামে আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। নতুবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

**একাউন্টের নাম:** All Peoples Church
**একাউন্ট নম্বর:** 50200068829058
**IFSC কোড:** HDFC0004367
**ব্যাংকের নাম:** HDFC Bank, 7M/308 80Ft Rd, HRBR Layout, Kalyan Nagar, Bengaluru, 560043, Karnataka, India

***অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন:*** *অল পিপালস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* **apcwo.org/give**

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনায় স্মরণে রাখবেন।

**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**


# DOWNLOAD THE FREE APP!


*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play




***A daily 5-minute video devotional.***
***A daily Bible reading and prayer guide.***
***5-minute Sermon summary.***
***Toolkit with Scriptures on various topics to build faith and information to share the Gospel.***
***Resources with sermons, sermon notes, TV programs, books, music and more***

***IF YOU LOVE IT, TELL OTHERS ABOUT IT!***

# অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ

apcbiblecollege.org

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই, যা প্রভুর সাথে একটা ঘনিষ্ট সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

অল পিপালস্ চার্চ বাইবেল কলেজে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে আমাদের কাজকর্মের মধ্যে দিয়ে প্রকাশিত করার উপর, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত তিনটি কার্যক্রম আমরা প্রদান করি:

- এক বছরের সার্টিফিকেট ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (C.Th.)
- দুই বছরের ডিপ্লোমা ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (Dip.Th.)
- তিন বছরের ব্যাচেলর ইন থিওলজি অ্যান্ড খ্রিস্টিয়ান মিনিস্ট্রি (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল 9 টা থেকে দুপুর 12 টা (UTC +5:30) পর্যন্ত**। শিক্ষা গ্রহণ করার তিনটি বিকল্প আমরা প্রদান করে থাকি।

- **চার্চ ক্যাম্পাসে:** ক্যাম্পাসের মধ্যে শারীরিক ভাবে মিলিত হয়ে ক্লাস করা।
- **অনলাইন:** অনলাইনে লাইভ লেকচারগুলিতে অংশগ্রহণ করতে পারেন।
- **ই-লার্নিং:** অনলাইন পোর্টালের মাধ্যমে নিজের সুবিধামত গতিতে শিক্ষা গ্রহণ করা। **apcbiblecollege.org/elearn**

**অনলাইনে আবেদন** করার জন্য, এবং কলেজ, পাঠ্যক্রম, অংশগ্রহণ করার জন্য যোগ্যতা, খরচ সম্বন্ধে আরও তথ্য জানার জন্য এবং আবেদন ফর্ম ডাউনলোড করার জন্য, অনুগ্রহ করে **apcbiblecollege.org** ওয়েবসাইট দেখুন।

আপনি কি কখনও থেমে বিবেচনা করেছেন যে ঈশ্বরের কাছেও একটি ঘড়ি রয়েছে যা এই জগতের সৃষ্টির শুরু থেকে অথবা, অনন্তকালীন অতীত থেকে—এক অজানা সময় থেকে বর্তমান কাল পর্যন্ত চলছে? আপনি কি জানেন যে আপনার জীবনের জন্য ঈশ্বরের কাছে একটি করে ঘড়ি রয়েছে? আপনি কি কখনও আপনার জীবনকে শুধুমাত্র হাতঘড়ি বা দেওয়াল ঘড়ি অনুযায়ী সাজিয়ে তোলার প্রচেষ্টা না করে ঈশ্বরের ঘড়ি অনুযায়ী সাজিয়ে তোলার চেষ্টা করেছেন? ঈশ্বরের সময় অনুযায়ী কাজ করা—অর্থাৎ আপনার জীবনের জন্য নির্ধারিত সময়ের মধ্যে তিনি আপনাকে যা হতে দেখতে চান, সেটা হওয়া এবং যে কাজ তিনি আপনাকে দিয়ে করাতে চান সেটা করা—আপনার কাছে কতটা গুরুত্বপূর্ণ?

এইগুলি অত্যন্ত কঠিন প্রশ্ন, এবং এটি গুরুত্বপূর্ণ যে আমরা যেন আমাদের জীবনকে ঈশ্বরের সময় অনুযায়ী পরিচালনা করতে শিখি। এই পুস্তকটি আমাদের ব্যক্তিগত জীবনের জন্য ঈশ্বরের সময়কে বুঝতে ও উপলব্ধি করতে সাহায্য করবে।

**All Peoples Church & World Outreach**
#319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org